ভগ্ন কূপ

আসুন আমরা প্রার্থনা করি।

প্রভু, আমরা বিশ্বাস করি। আমরা ঈশ্বরের পুত্রের উপর বিশ্বাস করি, আর, তাঁর মাধ্যমে, আমরা তাঁর মাধ্যমে অনন্ত জীবন গ্রহণ করি। এখন আমরা পুনরায় একত্রিত হয়েছি, আজ বিকেলে অথবা আজ সন্ধ্যায়, আরেকটি সভার জন্য, আজ রাতে আপনি আমাদের সঙ্গে কথা বলুন এবং বার্তার জন্য আপনার উপর বিশ্বাস করি। আমরা আপনাকে বিশ্বাস করি, প্রভু, আর আমরা আপনার জন্য অপেক্ষা করছি। আপনি বলেছেন, "কিন্তু যাহারা সদাপ্রভুর অপেক্ষা করে, তাহারা উত্তরোত্তর নূতন শক্তি পাইবে; তাহারা ঈগল পক্ষীর ন্যায় পক্ষসহকারে ঊর্দ্ধে উঠিবে।" আর আমরা প্রার্থনা করি, ঈশ্বর, আজ রাতে, যখন আমরা আপনার জন্য অপেক্ষা করছি, আপনি আমাদের সেই ঊর্দ্ধে উঠার শক্তি প্রদান করবেন।

2 আমরা এই লোকদের জন্য আপনাকে ধন্যবাদ জানাই, আর তারা আপনার কাছে যতটা অর্থবহ এবং তারা আমার কাছে যতটা অর্থবহ তার জন্য। পিতা, আমি এর জন্য আপনাকে ধন্যবাদ জানাই। তারা আপনার রত্ন। আর আমি প্রার্থনা করি, ঈশ্বর, আজ রাতে, যেন আপনি নিজেকে সেই পথে প্রকাশ করেন, তাদের কাছে, তাদের প্রয়োজন আছে। যদি এখানে অসুস্থ থাকে, তারা যেন সুস্থ হয়। যদি কারো মনে সন্দেহ থাকে, তা দূর করুন, প্রভু। আর আমাদেরকে আপনার উপস্থিতি এবং আপনার আশীর্বাদ দিন, কারণ আমাদের তা প্রয়োজন, প্রভু। আপনি আমাদের সর্বশক্তিমান। আর, আপনাকে ছাড়া, আমরা কিছুই করতে পারি না।

3 আমরা প্রার্থনা করি, আপনি যা কিছু করেছেন তার জন্য আমাদের কৃতজ্ঞতাজ্ঞাপন আপনি স্বীকার করবেন। যীশু খ্রীষ্টের নামে আমরা আপনার আশীর্বাদের অপেক্ষায় আছি। আমেন।

আপনারা বসতে পারেন।

4 আর, ঠিক আছে, এই রবিবারের রাতে, এখানে, গত রবিবার রাতের চেয়ে একটু বেশি শীতল রয়েছে। আমরা আমাদের ভাইদের কাছে অত্যন্ত কৃতজ্ঞ, যারা এটি নিয়ে আসার জন্য এত বিশ্বস্ততার সাথে কাজ করেছেন। আমি তাদের মধ্যে দুই অথবা তিনজনকে চিনি। ভাই মাইক ইগান, আমি তাকে পিছনে দেখতে পাচ্ছি, আর আমি...ভাই মাইক, আর ভাই সোথম্যান, ভাই (আমি বিশ্বাস

করি) রয় রবারসন, এবং ভাই উড, এবং তাদের সকলেই, তারা এখানে নিচে ছিলেন ঘাম ঝরাচ্ছিলেন, এটি এখানে লাগানোর চেষ্টা করছিলেন যাতে আমরা এই বার্তাটি এখানে অথবা আজ নিতে পারি। তাই, আমরা খুবই কৃতজ্ঞ।

5 এখন, পরের রবিবার সকালে, যদি প্রভুর চান, আমি অসুস্থদের জন্য প্রার্থনার নিরাময় সভা করতে চাই। আর আমরা এটিকে একটি নিরাময় সেবার জন্য মনোনীত করব, যদি প্রভু ইচ্ছা করেন।

6 আমি লক্ষ্য করেছি, আজ সকালে, এখানে একগুচ্ছ রুমাল আছে। আমি তাদের জন্য প্রার্থনা করেছি। আর আমি, যখন আপনারা প্রার্থনা করছিলেন এবং গান গাইছিলেন, আমি রুমালগুলির জন্য প্রার্থনা করেছিলাম; এবং তারপর আজ রাতে এখানে আরো আছে। তাই, আমরা—আমরা বিশ্বাস করি ঈশ্বর অসুস্থদের আরোগ্য প্রদান করেন। আমাদের মধ্যে এবং বিশ্বজুড়ে আরোগ্যকরণের অনেক মহান সাক্ষ্য রয়েছে, এবং আমরা এর জন্য কৃতজ্ঞ।

7 আর আমি ভাবলাম, আগামী রবিবার, আমাকে একটু দূরে থাকতে হবে, আমরা শিক্ষা এবং বার্তাকে এতটা ধরে রেখেছি, যে আমি ভেবেছিলাম, এটা ভালো বিষয় হবে যদি আমাদের একটি—একটি আরোগ্যদান সভা করা হয়, অসুস্থদের জন্য প্রার্থনা করা হয়। আর আমরা বিশ্বাস করি যে ঈশ্বর আমাদের একটি মহান সময় প্রদান করবেন।

8 এখন, আপনাদের অনেককে আজ রাতে অনেক মাইল গাড়ি চালাতে হবে। তাই আমি আজ ব্লু বোয়ার ক্যাফেটেরিয়ায়—য় গ্রুপটির সঙ্গে কথা বলছিলাম, যেখানে আমি রাতের খাবার খাচ্ছিলাম। অনেক ভালো মানুষ, আমাকে তাদের সাথে হাত মেলাতে হয়েছিল এবং তাদের সাথে কথা বলতে হয়েছিল, তাদের সাথে আমি আগে কখনও দেখা করিনি, তারা এখানে মণ্ডলীতে আসেন। আর আমি এই ধরনের বন্ধুদের জন্য কৃতজ্ঞ, আর আমি আপনাদের প্রত্যেককে ধন্যবাদ জানাতে চাই। তাদের মধ্যে কেউ কেউ ব্ল্যাকবেরি তুলে আমাদের জন্য নিয়ে এসেছেন। আর একজন আমাদের জন্য এক বালতি সিরাপ, অথবা গুড় নিয়ে এসেছেন, আমি বিশ্বাস করি এটা তাই ছিল, আর—আর ন্যায্য বিষয়। আপনারা এর অর্থ জানেন না। আর এক সকালে, আমি উঠে ঘর থেকে বেরিয়ে যাই, কোন কোন সময় সেখানে...

9 অন্য সকালে সেখানে কিছু ভাই ছিলেন যার অবস্থা খুব খারাপ ছিল, তার কাছে কোন কাপড় এবং জিনিস ছিল না, আমি তার

জন্য কিছু কাপড় নিয়ে যেতে চেয়েছিলাম। আমি শুরু করলাম, আর সেখানে আমি এক বালতি ব্ল্যাকবেরির উপর হোঁচট খেয়েছিলাম। আমি বললাম, "আপনি কি এই ব্ল্যাকবেরি নিয়ে এসেছেন ?"

10 আর তিনি বললেন, "না, এর সাথে কখনই কিছু করার ছিল না। আমি দিবালোকের আগে এখানে ছিলাম, আর তারা তখন এখানে বসে ছিল।" আর তিনি আমার ভালো ভাই রুডেল, সেটি আমার কাছে নিয়ে এসেছিলেন। আর, তাই, এই বিষয়গুলি আমি অবশ্যই প্রশংসা করি।

11 বিলি পল আমাকে উল্লেখ করেছিলেন, কয়েক মুহূর্ত আগে, যে আজ রাতে এই মণ্ডলীর মধ্যে, তারা আমার জন্য একটি দান নিয়েছেন। আমি—আমি এর জন্য আপনাদের ধন্যবাদ জানাই। আমি চাইনি আপনারা এটি করুন। আমি—আমি আপনার প্রচেষ্টা ইত্যাদির জন্য প্রশংসা করি, কিন্তু এর প্রয়োজন ছিল না। আর, কিন্তু, প্রভু আপনাকে আশীর্বাদ করুন। আপনারা জানেন, আপনারা জানেন, বাইবেল বলে, "তোমরা ইহাদের ক্ষুদ্রতমের প্রতি যখন ইহা করিয়াছিলে, তখন আমারই প্রতি করিয়াছিলে।"

12 এখন, আমি আপনাদের সাথে কথা বলেছি, বার্তায়, খুব সোজাসুজি ভাবে। আর আমি...কিছু লোক এমন মনে করতে পারেন যে—যে আমি মনে করি যীশু সকালে অথবা আজ রাতে আসতে চলেছেন। আমি তা করি। এখন, আমি বলি না যে তিনি করবেন। আর, আবার, এমনও হতে পারে তিনি আগামী সপ্তাহে নাও আসতে পারেন, এবং এটি পরের বছর হতে পারে, এটি দশ বছর পর হতে পারে। আমি জানি না তিনি কখন আসছেন। কিন্তু, আমি একটি বিষয় করতে চাই...সর্বদা মনে রাখবেন, আপনি প্রতি মিনিট, ঘন্টায় প্রস্তুত থাকুন। দেখুন ? যদি তিনি আজ না আসেন, তিনি আগামীকাল এখানে আসতে পারেন। তাই শুধু এটা আপনার মনে রাখুন, যে তিনি আসছেন।

13 আর আমি জানি না কোন সময় এই পৃথিবীতে আমার শেষ সময় হতে চলেছে, আমরা কেউই জানি না। আর তিনি কখন আসবেন তা আমরা কেউই জানি না। তিনি এমনকি জানেন না, স্বয়ং, তার নিজের বাক্য দ্বারা; তিনি বলেছেন, "কেবল পিতা, জানেন, কখন তিনি আসবেন; এমনকি পুত্রও জানেন না তিনি কখন আসবেন।" এটি যখন ঈশ্বর তাকে পুনরায় আমাদের কাছে পাঠাবেন। কিন্তু আমরা তাঁর আগমনের জন্য অপেক্ষায় আছি। আর যদি তিনি আমার প্রজন্মে না আসেন, তবে তিনি পরবর্তী সময়ে আসতে পারেন; যদি তিনি সেখানে না আসেন, তবে তিনি পরবর্তীতে

আসবেন। কিন্তু, আমার জন্য, আমি দেখতে পাচ্ছি না যে কোন সময় অবশিষ্ট রয়েছে। আমি শুধু...আমার কাছে, এটি যে কোন মুহূর্তে ঘটতে পারে। এখন, এর মানে এই নয়...এর মানে এই নয়, এখন, আপনি স্বর্গ পরিবর্তন হতে দেখতে পাবেন আর প্রতিটি...এটি সেই আগমন নয় যার কথা আমি বলছি। আমি স্বর্গারোহণের কথা বলছি।

14 দেখুন, তিনি তিনটি আগমন করেন। তিনি তিনটি পুত্রের নামে আসেন। তিনি ত্রিত্বে আসেন: পিতা, পুত্র, পবিত্র আত্মা। দেখুন, তারা সকলেই একই খ্রীষ্ট, একই ঈশ্বর, সব সময়। এখন, আমরা জানি তিনি অনুগ্রহের তিনটি কাজ আনতে এসেছেন: ধার্ম্মিকগণনা, পবিত্রকরণ, পবিত্র আত্মার বাপ্তিস্ম। সবকিছু, ঈশ্বরে, তিনটিতে সম্পূর্ণ হয়।

15 আর তাই তিনি প্রথমে আসেন, তার ভার্য্যাকে মুক্ত করতে। তিনি দ্বিতীয়বার আসেন, স্বর্গারোহণ, তার ভার্য্যাকে নিয়ে যাওয়ার জন্য। তিনি তৃতীয়বার আসেন, তার ভার্য্যার সঙ্গে, রাজা এবং রানী; তারপরে, এই সেই সময় যখন অনেক লোক তাঁর আগমনের অপেক্ষা করছে।

কিন্তু যখন তিনি এই সময় আসবেন, তখন যারা প্রস্তুত তাদের ছাড়া আর কেউই জানবেন না যে তিনি কখন আসবেন। সেখানে শুধু মানুষের অনুপস্থিতি থাকবে। তারা জানবে না যে তাদের কি হয়েছে। তারা এক মুহূর্তের মধ্যে চলে যাবে, আর তারা হারিয়ে যাবে। "এক মুহূর্তের মধ্যে বদলে যাবে, চোখের পলকে।" তাই শুধু এর জন্য প্রস্তুত থাকুন। কোন সকালে প্রিয়জনকে হারিয়ে ফেলা ভয়ঙ্কর বিষয় হবে, কেউ তাদের খুঁজে পাবে না। এটি হয়ে গেছে এবং আপনি এটিতে অংশ নিতে পারেন নি, তা জেনে কি খুব খারাপ লাগবে না? তাই শুধু ঈশ্বরের সামনে রাখুন।

16 এখন, পরের সপ্তাহে, যদি প্রভু চান, পরের সোমবার, এই সোমবার থেকে সপ্তাহ শুরু করে, যদি ঈশ্বর চান, আমি পরিবারকে অ্যারিজোনায় নিয়ে যাচ্ছি যেখানে তারা স্কুলে যায়, তারপর আমি—আমি ফিরে আসব।

17 এখন, আমি সেখানে যাই না...সেখানে থাকার জন্য আমার কোন সেবাকার্য নেই। আমি খুব কমই অ্যারিজোনায় ছিলাম। আমি অন্য কোথাও চলে গেছি। আমি স্ত্রীকে সেখানে নিয়ে যাব, পরের সোমবার। আমি আবার এখানে ফিরে আসছি। আমি এখান থেকে ব্রিটিশ কলম্বিয়া চলে যাব। আমি কলোরাডোতে চলে যাব। আমি ক্রিসমাসের কাছাকাছি সময়ে আবার অ্যারিজোনায় চলে আসব, মাত্র কয়েক মিনিটের জন্য, যথেষ্ট দীর্ঘ...হয়তো দুই অথবা তিন

দিন, পরিবারকে একত্রিত করে, ক্রিসমাসের ছুটিতে এখানে ফিরে আসব, যদি প্রভু চান, এখানে নতুন বছরের সপ্তাহের মধ্যে একটি সভা রাখা হবে।

18 তাই আমি এখানে, কার্যত, অনেক বেশি থাকি। আমি বাইরের চেয়ে এখানে দশগুণ বেশি থাকি, কারণ আমাদের সেখানে কোন গির্জা বা কোন সভা নেই, আমাদের সেখানে কিছুই নেই, তাই, গির্জা সভার জন্য। এটি তার একটি খারাপ বিষয়। আমার কাছে এমন কোন স্থান নেই যে সন্তানেরা এই বার্তাটি শুনবে, যেমন আপনার সন্তানরা এখানে এটি শুনতে পায়, আর—আর এটি আমাদের একটি ত্রুটি। কিন্তু তারা সবাই সুস্থ আছেন। এটি একটি শুষ্ক, উষ্ণ, শুষ্ক জলবায়ু, কিন্তু সন্তানদের স্বাস্থ্যকর বলে মনে হয়। এটি স্বাস্থ্যকর না অস্বাস্থ্যকর তা জানার জন্য, আমি যথেষ্ট সময় সেখানে ছিলাম না। আমি, আমি সবসময় ঘুরে বেড়াচ্ছি, আর আমি—আমি—আমি অনুমান করি আমি একজন পথিক হয়ে জন্মগ্রহণ করেছি।

19 আমার স্ত্রী আমাকে বলেন...আমি জানি সে এখানে আছে, তাই আমি মণ্ডলীর জন্য এটি নিয়ে আসব, আপনারা সবাই জানেন। এটিকে কি বলে, স্থানান্তরিত হওয়া বাতাস, অথবা অস্থির বাতাস, অথবা যাই হোক না কেন—যাই হোক, আপনারা জানেন, চলন্ত বালি ? অথবা, অন্য কথায়, আমি সর্বদা চলমান থাকি। আর আমি এখন বিবাহিত, বাইশ বছর হয়ে গেছে, আর আমি, কখনও কখনও, আমি মনে করি আমি বাড়ির আশেপাশে একজন অপরিচিত ব্যক্তি, কারণ আমাকে বাইরে থাকতে হয়।

কিন্তু আমি সেই সময়ের সন্ধান করছি যখন আমরা একদিন স্বদেশে বসতি স্থাপন করব। কিন্তু এখন যুদ্ধ চলছে, তাই আসুন আমরা প্রার্থনা করি।

20 ভুলে যাবেন না, পরের রবিবার সকালে, যদি প্রভুর চান, আপনার অসুস্থ এবং পীড়িত ব্যক্তিদের নিয়ে আসুন। তাড়াতাড়ি চলে আসুন, আপনার স্থান নিয়ে নিন, এবং সম্ভবত সেখানে একটি দল আছে যার জন্য প্রার্থনা করা হবে। আমাদের প্রার্থনা কার্ড দিতে হবে। যদি যথেষ্ট লোক না হয়, আমরা প্রার্থনা কার্ড বিতরণ করব না, একটি ছোট লাইন তৈরি করার জন্য দুই অথবা তিন ডজন যথেষ্ট, অথবা অন্য কিছুর। কিন্তু আমরা—আমরা সম্ভবত প্রার্থনা কার্ড বিতরণ করব, তাই আমরা সম্ভবত নিয়মিত পরিষেবার প্রায় এক ঘন্টা আগে এটি করব, যা আমি মনে করি...আট, আটটা অথবা সাড়ে আটটা হবে, তারা প্রার্থনার কার্ড বিতরণ করবে;

গির্জা খুলবে, পরের রবিবার সকালে প্রার্থনা কার্ড বিতরণ করবে। আর তারপর আপনার জন্য এখানে থাকতে ভুলবেন না...আপনার প্রিয়জনকে নিয়ে আসুন, তাদের সেখানে নিয়ে আসুন। মন্ডলী সুন্দর এবং শীতল হবে, যদি তারা অসুস্থ হয়, আর আমরা তাদের জন্য প্রার্থনা করার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করব।

21 আপনাকে ধন্যবাদ, পুনরায়, প্রেম নিবেদনের জন্য।

22 আর এখন আমরা আজ রাতে ঈশ্বরের বাক্য পড়তে যাচ্ছি, এবং আমাদের কাছে তাঁর বাক্য নিয়ে আসার জন্য পুনরায় তাঁর উপস্থিতির জন্য প্রস্তুত হন। এখন, আমরা জানি আমরা একটি পাঠ্য পড়তে পারি, কিন্তু ঈশ্বরকে প্রসঙ্গ প্রকাশ করতে হবে। দেখুন? আমরা একটি পাঠ্য নিতে পারি, কিন্তু ঈশ্বরকে প্রসঙ্গ প্রকাশ করতে হবে। আর আপনি যখন যিরমিয় ভাববাদী পুস্তকের, ২য় অধ্যায়ে যাচ্ছেন...

23 আমি বলতে চাই যে, আমাদের সঙ্গে, ভাই লি ভেল, প্রভুর একজন মূল্যবান ভাইকে পেয়ে, আমি আনন্দিত। আর আমি এখানে ভাবি, এখানে সেই ভাই, আমি তার নাম মনে করতে পারছি না, ভাই উইলার্ড ক্রেস। আর আমি আরকানসাসের ভাইদের দেখেছি, ভাই জন এবং তাদের, পপলার ব্লাফের আশেপাশে থেকে, এবং ভাই ব্লেয়ারকে। আর, ওহ, ভাই জ্যাকসন, এবং ভাই রুডেল, আর আনেকে যে আমি—আমি পারছি না...যদি আমি সবার নাম ধরে ডাকতে পারতাম, কিন্তু আমি এটা করতে পারছি না, আপনারা বুঝতে পারেন। ভাই বেন ব্রায়ান্ট, আমি তাকে এখানে বসে থাকতে দেখছি; তিনি সাধারণত আমার আমেন কোণে থাকেন যখন আমি...সবাই বেনকে তার কণ্ঠস্বর দ্বারা চেনে। আহ-হাহ।

24 আমরা, একবার ক্যালিফোর্নিয়ায় ছিলাম, আমি উপত্যকায় ব্যাপটিস্টদের জন্য একটি বার্তা প্রচার করছিলাম। সেখানে তাদের একটি বড় তাঁবু ছিল, এবং অনেক অভিজাত ব্যাপটিস্টরা ছিলেন। আমি কোথাও থেকে একটিও "আমেন" শুনতে পাইনি; আপনারা জানেন, কিছু মহিলা ভয় পেয়ে যান তাদের মুখের রং ভেঙে ফেলা হবে। আর তারপর, প্রথম বিষয়, আপনারা জানেন, আমি প্রায় *এইরকম* একজোড়া পা দেখেছি, বাতাসে উপরে যেতে, আর দুটি বড় হাত, আর কালো চুল সেখানে কাঁপছে, চিৎকার করছে, "আমেন," এইভাবে চিৎকার করছে। আর আমি নিচের দিকে তাকালাম, আমি বললাম, "বেন, তুমি কোথা থেকে এসেছ?" তিনি সত্যিই "আমেন" পেয়েছিলেন।

25 আমি দেখি তার স্ত্রী তার দিকে একটু তাকিয়ে আছেন। ঠিক আছে, সে সেই কালো চুলের সামান্য অংশ হারিয়ে ফেলছে, কিন্তু সেটি ঠিক আছে, আপনারা জানেন। এটা নিয়ে চিন্তিত হবেন না। আমি করেছিলাম, আমারটা, অনেক দিন আগে।

তাই, এখন, প্রার্থনা করতে ভুলবেন না।

26 এখন যখন আমরা সভার আন্তরিক দিকে যাচ্ছি, মনে রাখবেন, যদি আমরা এই বাক্যটি পড়ি, তাহলে ঈশ্বর তাঁর বাক্যকে আশীর্বাদ করবেন। "এটা অকার্যকরভাবে তাঁর কাছে ফিরে আসবে না, কিন্তু এটি যা উদ্দেশ্য রয়েছে তা সিদ্ধ করবে।" আর আমি জানি, বাক্য পড়ার সময়, আমি সবসময় ভালো থাকব। যখন আমি বাক্য পড়ি, ঈশ্বর তাঁর বাক্যকে সম্মান করবেন।

27 এখন আসুন আমরা তাঁর বাক্যের প্রতি শ্রদ্ধাশীল হই। যিরমিয়, ২য় অধ্যায়, যিরমিয় ২য় অধ্যায়ের ১২ তম এবং ১৩ তম পদ।

> *হে...আকাশমণ্ডল, ইহাতে স্তম্ভিত হও, রোমাঞ্চিত হও, নিতান্ত অসাড় হইয়া পড়, ইহা সদাপ্রভু কহেন।*
>
> *কেননা আমার প্রজাবৃন্দ দুই দোষ করিয়াছে; জীবন্ত জলের উনুই যে আমি, আমাকে তাহারা ত্যাগ করিয়াছে, আর আপনাদের জন্য কূপ খুদিয়াছে, সেগুলি ভগ্ন কূপ, সেটি...জলাধার হইতে পারে না।*

আসুন এখন মাথা নত করি।

28 প্রিয় ঈশ্বর, আপনার বাক্য পাঠ করা হয়েছে। আর আমরা প্রার্থনা করি যে আপনি সেই বাক্যকে সম্মান করবেন, এবং আজ রাতে আমাদেরকে এর দৃষ্টান্ত বা তুলনা প্রদান করুন; যেমন আমরা অতীতের দিনগুলির দিকে তাকাই, উদাহরণ হিসাবে, ইস্রায়েল, যেমন বাইবেল আমাদের শেখায়, আমরা দেখতে পারি আপনি তাদের প্রতি কি করেছিলেন যখন তারা বাক্য পালন করেছিল, আপনি তাদের সাথে কি করেছিলেন যখন তারা বাক্য অমান্য করেছিল, এবং শিখতে পারি আমাদের কি করা উচিৎ। তাই, আমরা প্রার্থনা করি যে আপনি আজ রাতে আমাদের সাথে একটি বিশেষ উপায়ে কথা বলবেন, যাতে আমরা জানতে পারি কিভাবে এই দিনে আমাদের নিজেদের আচরণ হতে হবে, যা আমরা আজ সকালে শিখেছি যেখানে আমরা বাস করছি। আমরা যীশুর নামে এই প্রার্থনা করি। আমেন।

বসতে পারেন।

29 আমি আজ রাতে এই বিষয়ে কথা বলতে চাই, অল্প—অল্প সময়ের জন্য: *ভগ্ন কূপ*।

30 ইস্রায়েল দুটি বড় অন্যায় করেছিল, ঈশ্বর বলেছেন। তারা তাঁর কাছ থেকে ফিরে গিয়েছিল, জীবন্ত জলের উনুই, এবং তারা পান করার জন্য নিজেদের জন্য কূপ খনন করেছিল। এখন, সেখানে কিছু আছে।

31 যে কারণে আমি এই পাঠ্যটির কথা ভেবেছিলাম, এটি আজ সকালে আমি যা বলছি তার সাদৃশ্য, যে সময়ে আমরা বাস করছি, এবং যে কারণে আমরা সংগ্রাম করছি।

32 আর আমরা উদাহরণ হিসাবে ইস্রায়েলকে দেখি, যে, ঈশ্বর যা ছিলেন, তাকে সর্বদা একই থাকতে হবে। এবং শুধুমাত্র একটি বিষয় আছে যা ঈশ্বর সবসময় সম্মান করেছেন, তা হল, তাঁর পথ যা তিনি মানুষের জন্য প্রদান করেছিলেন। আর যখন তারা সেই পথ থেকে বেরিয়ে আসে, তখন ঈশ্বরকে অসম্মান করা হয়, আর ঈশ্বর, মানুষকে যা করতে বলেছিলেন তা থেকে দূরে যাওয়ার জন্য, কষ্ট দিয়েছিলেন, সেটা যাই হোক না কেন।

এমনকি তিনি তাদের একটি নিয়মও প্রদান করেছিলেন, "স্পর্শ করিও না, ধরিও না, স্বাদ গ্রহণ করিও না।" শুধু এটা করার মন্দতার কারণে নয়, কিন্তু তিনি যা বলেছেন তা অমান্য করার জন্য মন্দতা। আর আইনের শাস্তি ছাড়া কোন আইন হতে পারে না। কারণ, যদি কোন শাস্তি না থাকে, তাহলে, আইন খুব বেশি কিছু নয়, যদি না তার একটি দণ্ড থাকে। আইনটির!

33 এখন, আমরা খুঁজে পাই, তারা সেই দিন কি করেছিল আমরা আজ যা করছি তার সাদৃশ্য বলে মনে হয়, গির্জার লোকেরা যা করছে।

34 এখন আমরা এখানে একটি অদ্ভুত বিষয় দেখতে পাচ্ছি। এটা কিছু লোকের কাছে অদ্ভুত হতে পারে, যখন তিনি বললেন, "তোমরা, তারা নিজেদের জন্য কূপ খুদিয়াছে, সেগুলি ভগ্ন কূপ।" এখন, হয়তো আপনাদের মধ্যে কেউ কেউ জানেন না কূপ কি। কতজন জানেন একটি কূপ কি? ঠিক আছে, আপনাদের বেশিরভাগই। আপনি যদি কখনও একটি খামারে বড় হয়ে থাকেন, আপনি জানবেন একটি কূপ কি। আমার মনে আছে আমি একটি থেকে অনেক পোকা পান করেছি, একটি—একটি কূপ কি তা—তা জানার জন্য।

দেশে প্রচার করা হয়েছিল যেখানে, ব্রাশ আর্বারে, যেখানে আপনার কূপের জলে একটি বড় কলস স্থাপন করা হয়, সেখান থেকে—থেকে বৃষ্টি, আপনারা জানেন, আর এটি একধরনের পুরানো হয়ে গিয়েছিল। আর—আর তারপর পোকাগুলি, রাতের বেলায়, এতে প্রবেশ করে। তাই আমি জানি কূপের জল কি।

35 একটি—একটি কূপ হল একটি—একটি স্থান, একটি জিনিস যা মাটিতে খনন করা হয়েছে, একটি উনুই এর স্থান নেওয়ার জন্য। যেখানে মানুষের কোন উনুই নেই, সেখানে তারা একটি—একটি কূপ খনন করে। অন্য কথায়, একটি কূপ হল একটি মনুষ্যনির্মিত ট্যাঙ্ক, অথবা মাটিতে একটি মনুষ্যনির্মিত উনুই, যেটি লোকেরা খনন করে, জল ধরে রাখার জন্য, এটি—এটি ব্যবহার করার জন্য। তাদের মধ্যে কেউ কেউ এটিকে পরিষ্কার করার জলের জন্য ব্যবহার করেন, আর কেউ কেউ পানীয় জলের জন্য এটি ব্যবহার করেন, আর বিভিন্ন ভাবে, হতে পারে। কখনও কখনও সমস্ত জল, যা আমরা পেতাম, একটি কূপের থেকে ছিল। একটি পুরানো জিনিস ছিল যার বাতাস আপনাকে ঘুরিয়ে, ঘুরিয়ে, ঘুরিয়ে, ঘুরিয়ে বের করতে হত, জল উপরে তোলার জন্য; এর উপর ছোট বালতি ছিল, কূপ থেকে জল বের করার জন্য।

36 ঠিক আছে, আমরা একটি কূপ সম্পর্কে একটি বিষয় লক্ষ্য করি যা একটি উনুই থেকে আলাদা। এখন, একটি কূপ খালি হয়ে যাবে। সেই—সেই—কূপটি স্বয়ং পূর্ণ হতে পারে না। এটি—এটি...এটি নির্ভরযোগ্য নয়। আপনি একটি কূপের উপর নির্ভর করতে পারবেন না। এটি গ্রীষ্মে অথবা শীতকালে যে বৃষ্টিপাত হয় তার উপর নির্ভর করে অথবা নির্ভরশীল, যাই হোক না কেন...সাধারণত, শীতকালে যখন তুষার ও বৃষ্টি আসে, তখন এটি কূপে জল জমা করে। আর যদি সে জল না পায়, তাহলে আপনি—আপনি জল পাবেন না। এটি সব—এটি সব...শুকিয়ে যায়। এটি নিজেকে পুনরায় পূর্ণ করতে পারে না। পুরানো কূপ নিজেকে পুনরায় পূর্ণ করতে পারে না। যে বৃষ্টিপাত হয় তার—তার থেকে এটি তার পূর্ণতা পায়।

37 আর আমি চাই আপনারা একটি কূপের সম্পর্কে আরেকটি বিষয় লক্ষ্য করুন। সাধারণত, আপনারা খুঁজে পাবেন, অথবা এটি আমাদের ঘরে যেভাবে ছিল, কূপ...সাধারণত খামার বাড়ির আকারের প্রায় দ্বিগুণ হয়, আর তারা সাধারণত খামার বাড়ির থেকে জল কূপে স্থানান্তরিত করে। সেই পুরানো কূপটি সেখানে আমার মনে আছে, যখন তিনি...যখন—যখন ড্রেন পাইপগুলি এটিকে খামারের বাইরে নিয়ে যায়, তখন এটি খামার থেকে পূর্ণ হয়।

তাই তখন খামারের ছাদ থেকে জল নিয়ে আসা হয়; যেখানে, সমস্ত প্রাণী উঠান দিয়ে ঘুরে বেড়ায়, আর খামারের সমস্ত নোংরা শুকনো সময়ে, খামারের উপরে উপরে জমা হয়। আর তারপর জল এসে ছাদ থেকে সব ধুয়ে, একটি গর্তে যা মানুষের তৈরি তাতে নিয়ে আসে, তারপর একটি মনুষ্যসৃষ্ট নলে, তারপর একটি মনুষ্যসৃষ্ট কূপে নিয়ে আসে। আর যদি আপনার কাছে কোন বিশৃঙ্খলা না থাকে, আমি জানি না আপনার কাছে কি আছে, যখন আপনার কাছে একটি কূপ থাকে। হ্যাঁ, মহাশয়! এটি সব মনুষ্যসৃষ্ট, আর এটি যতটা নোংরা হতে পারে।

38 আপনারা জানেন, আমরা বলতাম...আমাদের একটিতে একটি ছাকনি করার জন্য ন্যাকড়া ছিল। আপনি কি জানেন, এটা কি ছিল? এর উপর একটি ফিল্টার ন্যাকড়া লাগাতে হত, খামারের উপর থেকে আসা সমস্ত পোকা এবং জিনিসগুলিকে ছেঁকে ফেলার জন্য, আর সেখানে চারপাশে, এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে, কূপে ঢেলে দিত। আর আমরা এর উপর একটি—একটি ফিল্টার ন্যাকড়া রাখতাম, সমস্ত—সমস্ত ময়লা এবং জিনিসগুলি ছেঁকে ফেলার জন্য। অবশ্যই, এটি আসল ছেঁকে ফেলে না, এটি কেবল বড় ক্ষেপণাস্ত্রগুলিকে ধরে ফেলত যা নেমে আসে এবং এর মধ্যে পড়ে। পোকা হয়তো তাতে পড়ে যাবে, কিন্তু সেই পোকার রস জলের সঙ্গে চলে যেত। সুতরাং, যখন আপনার কাছে একটি পুরানো নোংরা কূপ আছে তখন আপনি—আপনি সত্যিই একটি নোংরা বিষয় পেয়েছেন।

39 কয়েক দিনের মধ্যে, আপনি সেই জল সেখানে দাঁড়াতে দিন, আর এটি স্থির হয়ে যাবে। আপনি জল একটি কূপে দাঁড়াতে দিন, এটি স্থির হয়ে যায়। আর এটি ব্যাঙ, টিকটিকি এবং সাপে—পূর্ণ হয়ে যায়। আর আমরা এটাকে বলতাম "নড়বড়ে লেজ," ছোট ছোট...আমি জানি না...তারা পরজীবী নয়, তারা একটি... আমি জানি না, আমি জানি না, আপনারা তাদের কি বলেন। কিন্তু কিছু ছোট ছোট পোকা জলে পড়ে যেত, যাকে—যাকে আমরা বলি নড়বড়ে লেজ। আপনারা জানেন, এটি কি। কতজন বুঝতে পেরেছেন, আমি কি বলছি? ওহ, কেন, অবশ্যই, আপনারা সকলেই জানেন। এটি সমস্ত স্থবিরতায় পূর্ণ হয়ে যায়, এবং তারপর এই স্থবিরতার প্রেমীরা এটি নিয়ে আসে। এটি সত্যই আসে, কারণ এটি স্থির হয়ে গেছে। আর যেহেতু এটি স্থবির, এটি সেই প্রাণীটিকে সেখানে নিয়ে যায়, যারা স্থবির জিনিস পছন্দ করে।

40 আর এটা অনেকটা আজকের আমাদের মন্ডলীর মত। আমি মনে করি আমরা সরে গেছি...মণ্ডলী আজ যে মহাপাপ করেছে তার মধ্যে একটি, ঠিক তখনকার ইস্রায়েলের মতো, তারা তাঁকে ছেড়ে গিয়েছিল, জীবন্ত জলের ঝর্ণা, আর মনুষ্য-নির্মিত কূপগুলি নিজেরাই খনন করেছে। আর এটা এমন সব কিছুর আবাসস্থল হয়ে যায় যারা এই ধরনের জল ভালোবাসে। টিকটিকি, ব্যাঙ এবং সমস্ত ধরণের অপরিষ্কার জীবাণু, এতে বাস করে, কারণ এটি একটি মানবসৃষ্ট ট্যাঙ্ক। আর এই ট্যাঙ্কে এই জিনিসগুলি থেকে যায়, আজ আমাদের ধর্মসম্প্রদায়গুলি একটি নিখুঁত উদাহরণ।

41 "এখন," আপনারা বলেন, "ভাই ব্রানহাম, আপনি কেন সেই লোকদের এত কঠোর আঘাত করছেন?"

সেটিকে আঘাত করা উচিত। সেটিকে আঘাত করতেই হবে। এর থেকে পালিয়ে যান, কারণ এটি অবশেষে পশুর চিহ্ন তৈরি করবে। মনে রাখবেন, এটাই সত্য! এটা পশুর চিহ্ন হবে। ধর্মসম্প্রদায় এটির দিকে নিয়ে যাবে। এটি এখন তার পথে আছে, একটি শক্তি দ্বারা, বল প্রয়োগ করার জন্য।

42 পুরানো রোমান সাম্রাজ্যের দিকে দেখুন। ঠিক এটাই তাদের ধর্মভ্রষ্টতার চিহ্নের দিকে পরিচালিত করেছিল। আপনারা জানতে পেরেছেন যে পশুর চিহ্ন ছাড়া কেউ ক্রয়-বিক্রয় করতে পারে না। তার কাছে এটা থাকতে হবে।

43 পৃথিবীতে মাত্র দুই শ্রেণীর মানুষ থাকবে: যাদের কাছে ঈশ্বরের মুদ্রা রয়েছে, আর যাদের কাছে পশুর চিহ্ন রয়েছে। শুধুমাত্র দুটি শ্রেণী, তাই আপনাকে একটি অথবা অন্য শ্রেণী হতে হবে। এটি হবে ধর্মভ্রষ্টতা, ধর্মের একটি—একটি চিহ্ন, ধর্মত্যাগী ধর্ম।

44 আর এটি পশুর প্রতি একটি মূর্তি ধারণ করবে। যখন আমরা অধ্যয়ন করি, আমরা খুঁজে পাই যে রোম ছিল, আছে, এবং সবসময় থাকবে, চিহ্ন-...অথবা, পশু। ঠিক তাই। এটি অন্য কিছুতে প্রবেশ করতে পারবে না। রোম!

45 আর রোম কি করেছিল? পৌত্তলিক রোম থেকে পোপের রোমে রূপান্তরিত হয়েছিল, এবং একটি তন্ত্র সংগঠিত করেছিল, একটি সার্বজনীন তন্ত্র, যা প্রত্যেককে সেই একটি ধর্ম গ্রহণ করতে বাধ্য করেছিল অথবা মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল।

46 আর এটি একটি অদ্ভুত বিষয় যে এই মার্কিন যুক্তরাষ্ট্র দৃশ্যে উপস্থিত হয়, একটি মেষশাবকের মতো। আর একটি মেষশাবকের দুটি ছোট শিং আছে, নাগরিক এবং ধর্মযাজকীয় অধিকার। আর

কিছুক্ষণ পরে, যখন এটি একটি মেষশাবক ছিল, আমরা খুঁজে পেয়েছি যে এটি তখন একটি নাগের মতো কথা বলেছিল এবং নাগের যত শক্তি ছিল তা প্রয়োগ করেছিল। আর বাইবেল আমাদের বলে যে তারা বলেছিল, "আসুন আমরা সেই পশুর এক প্রতিমা নির্ম্মাণ করি।" একটি প্রতিমা হল অন্য কিছুর মতো কোন আকার। আর আমরা এখনই এটা দেখতে পাচ্ছি যে, তার ধর্মভ্রষ্ট অবস্থায়, মন্ডলী বিশ্ব মন্ডলীর পরিষদ গঠন করছে, যা রোমের শক্তির প্রতিমূর্তি; আর লোকদের উপর একই জিনিস চাপিয়ে দিবে যা পৌত্তলিক রোম করেছিল...অথবা পোপের রোম করেছিল। সুতরাং, অন্য কোন উপায় নেই, অন্য কোন বিষয় নেই। কিন্তু এটাই সত্য।

47 আর এই কারণেই আমি আমার যুগে, আমার সময়ে এটি আঘাত করছি, কারণ এটিকে আঘাত করতে হবে। সেই আহ্বান এসেছে, বলার জন্য, "হে আমার প্রজাগণ, উহা হইতে বাহিরে আইস, যেন উহার পাপ সকলের সহভাগী না হও!"

48 এখন, আমি এটিকে এই নোংরা, নোংরা কূপের সাথে তুলনা করছি। "তিনি জীবনের ঝর্ণা। তিনি জীবন্ত জল।" আর মানুষ সেটা ছেড়ে দেয়, আর নিজেদের জন্য কূপ খনন করে, যা কেবল ময়লা একত্র করতে পারে। এটাই একমাত্র জিনিস যা এটি একত্র করতে পারে। আর ধর্মসম্প্রদায় সেটাই করে; যা কিছু পথে আসে, এটি সবই ধরে ফেলে আর তাতে যোগদান করতে চায়। তারা এটা নিতে ইচ্ছুক যদি তাদের কাছে টাকা থাকে, অথবা একটি বিশেষ উপায়ে পরিধান পরতে পারে। তারা যে কেউ হোক না কেন, তারা যেখান থেকে এসেছেন, তারা তাদের নিয়ে যায়, যেভাবেই হোক।

49 এখন আমরা খুঁজে পাই, আবার, যে, পশুর এই চিহ্ন যা এখানে গঠিত হয়েছে...আমেরিকা হল তেরো নম্বর। এটি তেরোটি উপনিবেশ নিয়ে জন্মগ্রহণ করেছিল। এর পতাকায় তেরোটি তারা, তেরোটি দাগ ছিল। এমনকি এটি প্রকাশিত বাক্য ১৩ তম অধ্যায়েও দেখা যায়। আর আমেরিকা সবসময় একজন মহিলা ছিলেন, আমাদের মুদ্রায় প্রতিনিধিত্ব করে। এমনকি ইন্ডিয়ান হেড, এক পেনিতে, একজন মহিলার ছবি। আমরা সেটা জানি, এর ইতিহাস জানি। সবকিছু, স্বাধীনতার ঘণ্টা, এবং অন্য সবকিছু, স্বাধীনতা... স্ট্যাচু অফ লিবার্টি, সবকিছু, একজন মহিলা। একজন মহিলা; তেরো নম্বর। দেখুন? এখন, সেই—সেই জিনিসগুলো দেখতে খুব সুন্দর।

50 আর এখন আমি ঈশ্বরের কাছ থেকে প্রকাশিত, অথবা ১৯৩৩ সালে একটি দর্শন দ্বারা ভবিষ্যদ্বাণী করেছি, যে সাতটি বিষয়

শেষ সময়ের আগে ঘটবে। আর সেটা, তাদের মধ্যে একজন, হল, "মুসোলিনি, যিনি তখন স্বৈরশাসক হয়ে উঠছিলেন, তিনি স্বৈরশাসক হয়ে যাবেন; এবং এছাড়াও, তিনি একটি আক্রমণ করবেন এবং ইথিওপিয়াতে যাবেন এবং ইথিওপিয়া দখল করবেন; আর সেই আত্মা, এটা বলেছে, 'তিনি নিজ পদক্ষেপে পড়ে যাবেন।'"

51 আমি আশ্চর্য হই যে, ট্যাবারনাকেলে এখনও পুরানো লোকদের মধ্যে কেউ অবশিষ্ট আছে কিনা, মনে করুন আমি এখানে রেডম্যানস হল এ বলেছিলাম, যখন আমরা প্রচার করেছিলাম, অনেক, অনেক বছর আগে। বিল্ডিং এর মধ্যে কি কেউ আছেন, আজ রাতে, যিনি পুরানো রেডম্যান হল এর থেকে গিয়েছিলেন যখন আমি প্রচার করেছিলাম যে, রুজভেল্টের প্রথম মেয়াদে যখন তারা এনআরএ বের করেছিল? আমি অনুমান করি এখানে একজনও নেই। সেখানে একজন আছে? হ্যাঁ, হ্যাঁ, এক, একজন আছেন। হ্যাঁ, মিসেস উইলসন, আমি তাকে স্মরণ করতে পারছি। আমার স্ত্রী, পিছনে বসে আছেন। দুজন রয়েছেন, সেই সময়ের পুরানো প্রজন্মের থেকে।

যে, যখন তারা বলেছিল যে এই N.R.A. পশুর চিহ্ন, আমি বললাম, "এতে কিছুই নেই; মোটেও না। পশুর চিহ্ন এখানে আসছে না। এটি রোম থেকে বেরিয়ে আসবে। আর এটি পশুর চিহ্ন হতে পারে না।"

52 আর এখন মনে রাখবেন যে এই বিষয়গুলি বলা হয়েছিল। বলা হয়েছিল, "এডলফ হিটলারের একটি রহস্যময় পরিণতি হবে। আর তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করবেন। আর তারা একটি মহান—একটি—একটি বিশাল কংক্রিট বস্তু তৈরি করবে, যাতে তারা সেখানে বাস করতে পারে। আর ঠিক সেখানেই আমেরিকানরা একটি ভয়ঙ্কর প্রহার করবে।" আর এটি সিগফ্রাইড লাইন ছিল, এটি নির্মাণ শুরু হওয়ার এগারো বছর আগে। আর তারপর বলেছিল, "কিন্তু তিনি শেষ হয়ে যাবেন; আর রাষ্ট্রগুলি যুদ্ধে জয়ী হবে।"

53 আর তারপর বলেছিল, যে, "তিনটি মতবাদ আছে: নাৎসিবাদ, ফ্যাসিবাদ এবং সাম্যবাদ।" আর আমি বলেছিলাম, "তারা সবাই সাম্যবাদে একত্রিত হবে। রাশিয়া সাম্যবাদে সবকিছু গ্রহণ করবে।"

54 আর আমি বলেছিলাম, "তাহলে বিজ্ঞান এত মহান হতে চলেছে, মানুষ এত বুদ্ধিমান হতে চলেছে, যতক্ষণ না সে অনেক কিছু আবিষ্কার করে, সে একটি অটোমোবাইল তৈরি করতে যাচ্ছে

যা দেখতে একটি ডিমের মতো হবে, এর উপর একটি কাচের আবরণ থাকবে, এবং এটি একটি স্টিয়ারিং হুইল ছাড়া অন্য কোন শক্তি দ্বারা নিয়ন্ত্রিত হবে।" আর তাদের সেই গাড়ি আছে।

55 আর আমি বললাম, "আমাদের মহিলাদের নৈতিকতা এমন অধঃপতনের দিকে যাচ্ছে, যতক্ষণ না তারা সমস্ত জাতির জন্য অপমানজনক হয়। তারা মানুষের পোশাক পরিধান করতে যাচ্ছে। তারা তাদের কাপড় খুলে ফেলতে থাকবে যতক্ষণ না তারা নিচে নেমে আসে, যেমন তারা তাদের অন্তর্বাসে চলে এসেছে, এটাই। আর, অবশেষে, তারা শুধু একটি ডুমুরের পাতা পরিধান করবে।"

আর যদি আপনি লক্ষ্য করেন, গত মাসের *লাইফ* ম্যাগাজিনে, তারা ডুমুরের পাতা পরিধান করা মহিলা নিয়ে এসেছিল। আর সেটা হল নতুন সন্ধ্যার ফ্রক, অথবা গাউন, তারা সন্ধ্যায় যা পরিধান করে; স্বচ্ছ, এর মধ্য দিয়ে দেখা যায়, শুধুমাত্র ডুমুরের পাতা তার শরীরের নির্দিষ্ট স্থান আবরণ করে রাখে; স্ট্রাপলেস, অথবা স্ট্রাপ, স্ট্রাপলেস স্নানের পরিধেয়, তার উপরে অংশে, উন্মুক্ত শরীর। আর কিভাবে সেই বিষয়গুলো ঘটেছে!

56 তারপর আমি বলেছিলাম, "আমি মার্কিন যুক্তরাষ্ট্রে একজন মহিলাকে দাঁড়িয়ে থাকতে দেখেছি, একজন মহান রানী বা অন্য কিছুর মতো। আর সে দেখতে সুন্দরী ছিল, কিন্তু তার হৃদয়ে দুষ্টতা ছিল। আর সে জাতিকে ধাপে ধাপে এগিয়ে নিয়ে যায়, তার পদক্ষেপে নিয়ে আসে।"

57 তারপর আমি বলেছিলাম, "অবশেষে, তিনি আমাকে আবার পূর্ব দিকে ফিরে তাকাতে বললেন। আর, যখন আমি তাকালাম, আমি দেখলাম, মনে হচ্ছিল, এটি যেমন ছিল, পৃথিবী বিস্ফোরিত হয়েছে। আর যতদূর আমি দেখতে পাচ্ছিলাম, লাঠি ছাড়া আর কিছুই ছিল না, আর—আর ধোঁয়াটে প্রস্তর পৃথিবী থেকে উড়িয়ে দেওয়া হয়েছিল।"

আর এগুলো পৃথিবীর শেষ হওয়ার আগে ঘটবে। আর সাতটির মধ্যে পাঁচটি ইতিমধ্যেই ঘটেছে, তেত্রিশ বছরে। আমরা সেখানে আছি, শেষ সময়ে এসেছি!

58 আর আমি তখনই সেই ধর্মসম্প্রদায়ের বিরুদ্ধে কথা বলেছিলাম। আর আমি এখনও বিশ্বাস করি, আজ রাতে, যে এটি একটি জলাশয় কুন্ড, এটি এমন একটি স্থান যেখানে নোংরা এতে প্রবেশ করে। আমি বিশ্বাস করতে পারি না যে, ঈশ্বর কখনও তাঁর মণ্ডলীতে এমন একটি বিষয় নিয়ে আসবেন, কারণ এটি ঈশ্বরের আত্মা থেকে জন্মগ্রহণ

করতে হবে এবং তারপর তাকে, তাঁর বলার আগে, তাকে শুদ্ধ হতে হবে। খ্রীষ্টের রহস্যময় দেহ, আমরা পবিত্র আত্মার বাপ্তিস্ম দ্বারা এতে বাপ্তিস্ম নিই।

59 হ্যাঁ, এই কূপ ব্যবস্থা অবশ্যই ধর্মসম্প্রদায়ের একটি নিখুঁত উদাহরণ। একজন জ্ঞানী ব্যক্তির দেখা উচিত, এবং কখনও এর মধ্যে যাওয়া উচিত নয়, কারণ ঈশ্বর যুগে যুগে প্রমাণ করেছেন যে তিনি এর বিরুদ্ধে এবং কখনও এর সাথে কাজ করেননি। যে কোন দল...যে কোন সময় একজন ব্যক্তি বার্তা নিয়ে উত্থাপিত হন, যেমন লুথার, ওয়েসলি, অথবা আরও অনেক ব্যক্তি, এবং স্মিথ, এবং ক্যালভিন, এবং তারা, যখন তারা সংগঠন শুরু করেছিল, ঈশ্বর তাদের তাকের উপর রেখে দেন এবং পুনরুজ্জীবনে তাদের আর কখনও পরিদর্শন করেননি।

60 ইতিহাসের মধ্য দিয়ে দেখুন। এমন একটি সময় কখনও আসেনি যখন ঈশ্বর কখনও একটি ধর্মসম্প্রদায় নিয়েছেন, এটি থেকে একটি পুনরুজ্জীবন করেছেন, কোথাও। তারপর, ইতিহাসের মাধ্যমে এবং বাইবেল দ্বারা, প্রমাণিত হয় যে এটি ঈশ্বরের দৃষ্টিতে একটি নোংরা বিষয়, তাই আমি এর সাথে কিছু করতে চাই না। আর সেই কারণেই আমি বিরোধী। আমি এটি থেকে লোকদের বের করার চেষ্টা করছি।

61 আমরা আমন্ত্রিত, যেমন ইস্রায়েলে, এখন তাই, উদাহরণের জন্য ইস্রায়েলের দিকে তাকান। তারা, যতক্ষণ তারা সেই ঝর্ণার সাথে ছিলেন, তারা ঠিক ছিলেন। কিন্তু যখন তারা নিজেদের জন্য কূপ খনন করতে শুরু করে, মনুষ্যনির্মিত ব্যবস্থা, তখন ঈশ্বর তাদের রেখে দেন। তিনি আমাদেরও তাই করবেন। "তাহারা তাঁহাকে, জীবন্ত জলের উনুইকে পরিত্যাগ করিয়াছে।" ঈশ্বরের, এটাই ছিল তাদের বিরুদ্ধে অভিযোগ। "এমন কিছু তৈরী করার জন্য, যাতে তারা বলতে পারে, 'আপনারা দেখুন, আমরা কি করেছি!'"

62 এখন, যখন—যখন মোশির সময়ে, যখন ঈশ্বর, অনুগ্রহ দ্বারা, তাদের একজন ভাববাদী দিয়েছিলেন, তাদের সামনে যাওয়ার জন্য একটি আগুনের স্তম্ভ দিয়েছিলেন, চিহ্ন ও আশ্চর্য্য কাজ দ্বারা প্রমাণিত করেছিলেন, অনুগ্রহ এই সমস্ত কিছু সরবরাহ করেছিল, ইস্রায়েল তবুও আইন চেয়েছিল। তারা অনুগ্রহ প্রত্যাখ্যান করেছিল, আইন গ্রহণ করার জন্য।

আজ মানুষ ঠিক সেটাই করে। তারা বাক্যকে প্রত্যাখ্যান করে, একটি ধর্মসম্প্রদায়ের ব্যবস্থা গ্রহণ করার জন্য, কারণ এতে তারা যা করতে চায় তা করতে পারে এবং এটি সঙ্গে নিয়ে যেতে পারে। কিন্তু

আপনি খ্রীষ্টে এটা করতে পারেন না! খ্রীষ্টে থাকার জন্য আপনাকে পরিষ্কার হয়ে এবং আজ্ঞা আনুসারে আসতে হবে।

63 আর্টেজীয় উনুই ছেড়ে দিয়ে, একটি মনুষ্যনির্মিত ব্যবস্থা বা কূপের জন্য, আপনি কি কল্পনা করতে পারেন, কেউ এটা করছে? আপনি কি এমন একজন ব্যক্তির মানসিক অবস্থা কল্পনা করতে পারেন, যিনি একটি সতেজ আর্টেজীয় উনুই থেকে পান করতে পারেন, আর সেই কূপটিকে, ব্যাঙ, টিকটিকি, এবং নড়বড়ে লেজযুক্ত পোকা সহ একটি মনুষ্যনির্মিত কূপের জন্য ছেড়ে যায়?

এটা সঠিক বলে মনে হয় না, কিন্তু লোকেরা ঠিক তাই করেছে। তারা বাক্য ছেড়ে দিয়েছে, ঈশ্বরের উৎস এবং শক্তির প্রকৃত ঝর্ণা, কূপ থেকে পান করার জন্য, আর নিজেরা কূপ তৈরি করে। তারা তখন যেমন করেছিল, তারা এখন সেটা করেছে। তারা বলে...

তিনি বললেন, "তারা আমাকে ছেড়ে চলে গেছে।" তিনি এখানে বলেছেন, এখানে যিরমিয় ২:১৪, অথবা ১৩, বরং। তিনি বলেছেন, "তারা আমাকে, জীবন্ত জলের উনুই ত্যাগ করিয়াছে।"

64 এখন, আমরা দেখি একটি কূপ কি। আমরা দেখি এটি কি একত্র করে। আমরা দেখি এটি কিভাবে তৈরি করা হয়। এটি একটি মনুষ্যসৃষ্ট জিনিস যা একটি নোংরা ছাদ থেকে আসে। যে জল নিচে পড়ে, একটি নোংরা ছাদের উপর পড়ে, আর এটি কেবল ছাদকে ধুয়ে দেয়, এটি একটি মনুষ্যসৃষ্ট গর্তের মধ্য দিয়ে, একটি মনুষ্যসৃষ্ট চোঙ্গার মধ্য দিয়ে, একটি মানবসৃষ্ট ট্যাঙ্কে চলে যায়। আর সমস্ত নোংরা সেখানে জড়ো হয়, আর সেই—সেই জীবাণু, এবং টিকটিকি, ব্যাঙ এবং ইত্যাদি, এইরকম। আর, লক্ষ্য করুন, তারা অপরিষ্কার জীব; নড়বড়ে লেজযুক্ত, স্থবির। একটি নড়বড়ে লেজযুক্ত জীব স্বচ্ছ জলে বাস করতে পারে না। যদি সে এটা করে, এটা তাকে হত্যা করবে। তাকে স্থবিরতার মধ্যে থাকতে হবে।

65 আর আজকে এই পরজীবীদের অনেকের সাথে এটি একই ব্যাপার। আপনি পবিত্র আত্মার সতেজ জলে বাস করতে পারবেন না। এই কারণেই তারা এত দৃঢ়ভাবে বাক্যের বিরুদ্ধে, এবং বলে, "এটি নিজেরই বিরোধিতা করে। এতে কিছুই নেই।" কারণ তাদের ভিতরে নড়াচড়া করার জন্য এক ধরণের স্থবির জলাশয় থাকতে হবে। ঠিক।

এটি ব্যাঙ, টিকটিকি, এবং ব্যাঙাচিদের জন্যও একই রকম। তাদের জলাভূমি বা স্থির পুকুরের যেতে হবে, বেঁচে থাকার জন্য, কারণ সেখানে বসবাস করা তাদের স্বভাব। আর আপনি প্রাণীটিকে

পরিবর্তন করতে পারবেন না যতক্ষণ না আপনি তার স্বভাব পরিবর্তন করেন।

আর আপনি একজন মানুষকে ঈশ্বরের বাক্য দেখাতে পারেন না, যতক্ষণ না তার স্বভাব পরিবর্তন হয়; এবং যখন তার স্বভাব পরিবর্তিত হয়, ঈশ্বরের পুত্রে, এবং পবিত্র আত্মা তার মধ্যে আসে। পবিত্র আত্মা, ঈশ্বরের বাক্য লিখেছেন!

66 আজ আমি আমার ভালো বন্ধু, ডাক্তার লি ভাইলের সাথে কথা বলছিলাম, যিনি এখানে উপস্থিত আছেন। আর তিনি বেশ একজন ধর্মতত্ত্ববিদ, আর তাই আমরা সাধারণত শাস্ত্রের বিষয়ে কিছু—কিছু সুন্দর আলোচনা করি। খুব স্মার্ট।

আর তিনি আমাকে একবার জিজ্ঞাসা করেছিলেন, আমি পবিত্র আত্মার প্রাথমিক প্রমাণ সম্পর্কে কি ভাবি, "এটা কি অন্য ভাষায় কথা বলা?" এটি অনেক বছর আগের কথা।

আমি বললাম, "না; সেটা দেখতে পাচ্ছি না।"

তিনি বললেন, "আমিও করি না," বললেন, "যদিও আমাকে সেটা শেখানো হয়েছে।" তিনি বললেন, "আপনি কি মনে করেন, কোনটি সেই প্রমাণ হবে?"

67 আমি বললাম, "সবচেয়ে নিখুঁত প্রমাণ যা আমি ভাবতে পারি তা হল প্রেম।" আর তাই আমাদের সেই বিষয়ে কথা বলতে হবে।

আর তারপর আমি ভাবলাম যে এটি বেশ ভাল শোনাচ্ছে তাই আমি ধরে রাখলাম, "যদি একজন মানুষের প্রেম থাকে।"

কিন্তু একদিন প্রভু, একটি দর্শনে, আমাকে সোজা করলেন। আর তিনি বললেন, যে, "যারা বাক্য গ্রহণ করতে পারে তারাই হল আত্মার প্রমাণ," প্রেম নয়, অন্য ভাষায় কথা বলা নয়, কিন্তু এটি বাক্য গ্রহণ করা।

68 আর তখন ডাক্তার ভাইল আমাকে বলেছিলেন, "এটি শাস্ত্রীয়," তিনি বলেছিলেন, "কারণ, যোহন ১৪ তে, যীশু বলেছেন, 'যখন তিনি, পবিত্র আত্মা তোমাদের উপর আসিবেন, তিনি সকল বিষয়ে তোমাদিগকে শিক্ষা দিবেন, আমি তোমাদিগকে যাহা যাহা বলিয়াছি, এবং আগামী ঘটনাও তোমাদিগকে জানাইবেন।'"

তাই পবিত্র আত্মার প্রকৃত প্রমাণ আছে! তিনি এখনও আমাকে ভুল কিছু বলেননি। যে, "এটি পবিত্র আত্মার প্রমাণ, যিনি বাক্যে বিশ্বাস করতে পারেন।" আপনি এটি গ্রহণ করতে পারেন।

কারণ, যীশু কখনও বলেননি, "যখন পবিত্র আত্মা আসবেন, তখন তোমরা অন্য ভাষায় কথা বলবে।" তিনি কখনই বলেননি, যখন পবিত্র আত্মা আসবেন, আপনি এই বিষয়গুলির মধ্যে যে কোনও একটি করবেন। কিন্তু তিনি বলেছেন, "যাহা আমার, তাহাই লইয়া তিনি তোমাদিগকে জানাইবেন, এবং আগামী ঘটনাও তোমাদিগকে জানাইবেন।" তাই পবিত্র আত্মার প্রকৃত প্রমাণ রয়েছে, স্বয়ং যীশুর মতে।

69 তাই এই সমস্ত সংবেদনা এবং বিষয়গুলি যা মানুষের কাছে আছে এবং এখনও বেঁচে আছে, আপনি দেখতে পাচ্ছেন কেন তারা এটি করে। দেখুন, এটি একটি ধর্মসম্প্রদায়ে পরিণত হয়, অথবা একটি স্থবির জলাশয়ে, এবং সেখানে কখনই কোন ধর্মসম্প্রদায় তৈরি... ঈশ্বরের সিদ্ধ বাক্য। এটি এটা করতে পারে না, কারণ আপনি ঈশ্বরকে মনোনীত বা ধর্মসম্প্রদায়ভুক্ত করতে পারবেন না। না, মহাশয়!

70 এর কারণ হল, আপনি একদল লোক পাবেন যারা বাক্যে বিশ্বাস করতে পারেন, তাদের একটি সংগঠন শুরু করতে দিন। প্রথম বিষয় আপনারা জানেন, এক বছরের মধ্যে সেখানে একদল সংসারিক লোকেরা আসবে যাদের সাথে আপনি কিছুই করতে পারবেন না। তারা দখল করেছে, আর আপনি তাদের নিয়ে কিছুই করতে পারবেন না। এটি ঈশ্বরের ব্যবস্থা নয়। এটি নয়, তাই আমরা জানি যে সেই জিনিসটি বেরিয়ে গেছে। এটি একটি কূপে পরিণত হয়, এবং এমন একটি স্থানে পরিণত হয় যেখানে প্রত্যেকে *এই* বিষয়ে, *সেই* বিষয়ে, অথবা *অন্য* কোন বিষয়ে আপস করবে, সেখানে সদস্যদের আনার জন্য, অথবা লোকদের আসতে দেওয়ার জন্য।

71 আমরা খুঁজে পাই, এই ব্যবস্থাটি এক সময় শুরু হয়েছিল, ইস্রায়েলীয়দের সময়ে, যখন তারা এই কূপগুলি খনন করেছিল। আর সেখানে একজন ব্যক্তি এবং একদল ফরীশী ছিলেন, যারা কিছু কূপ খনন করেছিলেন। আর তাদের হেরোদ নামে একজন ব্যক্তি ছিল, আর তিনি একজন ঘোষণাকারী ছিলেন, রাজ্যের শাসনকর্তা।

আর তিনি এমন একজন ব্যক্তির কথা শুনতে আসেন যিনি তাদের ধর্মসম্প্রদায়ের সাথে মূর্খ হননি। তিনি একজন ভাববাদী ছিলেন। আর কোন ভাববাদীর কাছে, একটি ধর্মসম্প্রদায়কে ঘৃণা করা ছাড়া, কখনই আর কিছু থাকে না। এই ভাববাদী বলতে শুরু করেন, "তোমরা মনে মনে বলিতে শুরু করিও না, 'আমাদের পিতা অব্রাহাম,' কারণ আমি তোমাদিগকে বলিতেছি যে, ঈশ্বর এই প্রস্তর হইতে অব্রাহামের সন্তানদের উৎপন্ন করিতে সক্ষম।"

72 আর তারা তার কথা শোনার জন্য একজন বিশিষ্ট ব্যক্তিকে বাইরে নিয়ে আসলেন। আর এই বিশিষ্ট ব্যক্তি তার ভাইয়ের স্ত্রীকে তার কাছ থেকে নিয়ে গিয়ে তাকে বিয়ে করেছিল। আর এই ব্যক্তি তার মুখের সম্মুখে হেঁটে কি বলল ? তারা ভেবেছিল যে তিনি আপস করবেন, আর বলবেন, "এখন, মহাশয়, আপনি, *এখানে* আপনার জন্য একটি সুন্দর আসন আছে। আর আপনার উচিত...আমি খুব খুশি যে আপনি আজ আমার কথা শুনতে এসেছেন।"

যোহন ঠিক তার মুখের সম্মুখে হেঁটে গেলেন, আর বললেন, "তাকে রাখা তোমার পক্ষে বৈধ নয়।" যে প্রথম কথাটি তিনি বলেছিলেন, তিনি তার পাপের জন্য চিৎকার করেছিলেন।

73 দেখুন, ধর্মসম্প্রদায়গুলি বদ্ধ জলাশয় তৈরি করে, যেখানে পুরুষরা মহিলাদের সাথে থাকতে পারে, আর তাদের মহিলারা সেটি নিয়ে চলতে পারে, আর তাদের চুল কাটতে পারে, হাফপ্যান্ট পরতে পারে, ইত্যাদি, আর নিজেদের খ্রিস্টান বলতে পারে।

কিন্তু ঈশ্বরের শক্তির একটি প্রকৃত ঝর্ণা, হালেলুইয়া, এটি সেখানে থাকতে পারে না, কারণ এটি তাকে বাইরে ঠেলে দেয়। "আমি জীবন্ত জলের উনুই। আমাকে তাহারা ত্যাগ করিয়াছে, আপনাদের জন্য কূপ খনন করিবার জন্য।"

74 এখন, জীবন্ত জলের উনুই, আমরা খুঁজে পাই, জীবন্ত জলের উনুই কি ? আমরা কূপ কি তা খুঁজে বের করি, এখন জীবন্ত জলের উনুই কি ? এটি একটি আর্টেজীয় উনুই।

"একটি আর্টেজীয় উনুই, এটি কি, ভাই ব্রানহাম ?"

এটি এমন একটি কূপ যেটা সবসময় নীচ থেকে আসে আর এর জল বাইরে ঠেলে দেয়। এটি সব সময় প্রবাহিত হয়। এটি স্বাবলম্বী। সর্বদা তাজা এবং পরিষ্কার, একটি আর্টেজীয় উনুই, জীবন্ত জলের উনুই। এটি মৃত এবং স্থবির নয়। এটি জীবন্ত, এটি ক্রমাগত পরিবর্তনশীল, সব সময় নতুন কিছু নিয়ে আসে, ক্রমাগত চলমান, তার কাছ থেকে আসছে। এটি তার—তার স্তর থেকে নিয়ে আসে, যা একটি...এখনও জীবন্ত জলের উনুই উদ্গীরণ হচ্ছে। স্ব-শুদ্ধকৃত; এটি পরিষ্কার, বিশুদ্ধ, বিশুদ্ধ জল। এটি স্বাবলম্বী; আপনাকে এই জলাশয় পূরণ করার জন্য বৃষ্টির অপেক্ষা করতে হবে না। এটি সবসময় বুদবুদ করতে থাকে, তার জল বিনামূল্যে দেয়। আপনাকে এটি পাম্প করতে হবে না, এটিকে বাতাস করতে হবে, এটি মোচড় দিতে হবে না বা এটিতে সংযোগ করতে হবে না। এটি জীবন্ত জলের একটি উনুই মাত্র।

75 আপনারা জানেন, আপনারা এই পুরানো কূপগুলিকে দেখুন, আপনাকে এটিকে ঘুরাতে হবে, পুনরায় ঘুরাতে হবে, পুনরায় ঘুরাতে হবে, আর পাম্প করতে হবে ইত্যাদি, সেই স্থির জল থেকে কিছুটা জল বের করার জন্য। হুহ!

কিন্তু জীবন্ত জলের একটি উনুই এটিকে বিনামূল্যে প্রদান করে, পাম্প করা ছাড়া, যোগ না করে, ইত্যাদি। ওহ, আমি সেই উনুই জন্য খুশি! হ্যাঁ, মহাশয়!

76 এর উপর কোন ছাঁকনির প্রয়োজন নেই, পরজীবীদের ছেঁকে ফেলার জন্য। কারণ, এটি এত গভীর থেকে আসছে, সেখানে পাথরের মধ্য থেকে, সেখানে কোন পরজীবী থাকে না।

এটির উপর একটি শিক্ষাগত ন্যাকড়া ঝুলিয়ে রাখার দরকার নেই, এটা ঠিক, মনুষ্যসৃষ্ট ধর্মসম্প্রদায়িক জ্ঞানের কোন জাগতিক-নির্মিত ব্যবস্থা; আপনাকে বলার জন্য, একজন মনোরোগ বিশেষজ্ঞের সামনে, আপনি প্রচার করতে সক্ষম কিনা। এটিতে সেই নোংরা কাপড়গুলির একটিও ঝুলানো নেই। আপনি এটি সেখানে রাখার সাথে সাথে, এটি তাকে ধাক্কা দিবে। আপনি এটা করতে পারবেন না। সেই উনুই বুদবুদ করছে, সব সময়। আপনি সেই ন্যাকড়া এর উপর রাখুন, এটি একপাশে বা অন্য দিকে এটিকে ফেলে দিবে। এর উপর একটি ধর্মসম্প্রদায়ের ন্যাকড়ার জন্য কোন সময় নেই।

77 এটির কোন ফিল্টার, কোন ছাঁকনি, কোন পাম্পিং, কোন ঝাঁকুনি, ইত্যাদির প্রয়োজন নেই। এটি সেখানে আছে, বুদবুদ করছে। এটি পূরণ করতে স্থানীয় বৃষ্টির উপর নির্ভর করতে হবে না। *বৃষ্টি* হল "পুনরুজ্জীবন," কোথায় সেই উনুই...সেটি সেই জীবনের উনুইের কাছে। "যেখানে মড়া থাকে, সেইখানে শকুন যুটিবে।" আপনাকে একটি পুনরুজ্জীবন পাম্প করতে হবে না; আপনাকে কিছুই পাম্প করতে হবে না। শুধুমাত্র আপনাকে যা করতে হবে তা হল, উনুই এর কাছে আসতে হবে। এটি সবসময় উত্তম, মিষ্টি জলে পূর্ণ, এবং এর কোন অন্ত নেই। এটি শুধু বুদবুদ করতে থাকে।

78 আপনাকে কূপের কাছে গিয়ে বলতে হবে না, "ঠিক আছে, যদি বৃষ্টি হয় এবং খামার ধুয়ে আসে, তাহলে আমাদের কাছে পান করার জন্য কিছু থাকবে।" দেখুন? আমার, আমার! এটা নয়। সেই আর্টেজীয় উনুই সর্বদা উত্তম ঠান্ডা জল নিয়ে আসছে। আপনি এর উপর নির্ভর করতে পারেন। আপনাকে বলতে হবে না, "ঠিক আছে, আমি এই পুরানো কূপে যাব। আমরা এটি থেকে পান করতাম, কিন্তু অনেক দিন ধরে বৃষ্টি হয়নি। আমি আপনাদের বলছি, এটি শুকনো হতে পারে।"

79 এইরকম কিছু মানবসৃষ্ট ব্যবস্থা রয়েছে। আপনি ভিতরে যেতে পারেন, যদি আপনার কাছে একটি বড় কিছু থাকে, কিছু বিক্রি করার জন্য একটি বড় গুপ্ত চক্রান্ত, অথবা—অথবা কিছু বড় ঘটছে, একটি বড় পার্টি ইত্যাদি চলছে, বাঙ্কো গেমস, এবং বেসমেন্টে পার্টি, ইত্যাদি, আপনি একটি পূর্ণ ঘর খুঁজে পেতে পারেন।

কিন্তু আপনি যেখানে যান সেখানে সর্বদা সেই উনুইটি বুদবুদ করছে, সেখানে লোকেরা উত্তম, ঠান্ডা পানীয় জল পাচ্ছে। আপনি এটির উপর নির্ভর করতে পারেন! যেমন, "তারা দশ বছর ধরে পুনরুজ্জীবন পায়নি।" আপনি যদি সেই উনুই এর কাছে বাস করেন, সে সবসময় একটি পুনরুজ্জীবন পাবে।

80 যেমন ওয়েলশম্যান বলেছিলেন। অথবা, এক সময় যখন ওয়েলশ পুনরুজ্জীবন চলছিল, সেখানে রাজ্যের কিছু বিশিষ্ট ব্যক্তি ছিলেন। ডিভিনিটির ডাক্তারদের মধ্যে কয়েকজন ওয়েলসে গিয়েছিলেন, কোথায় এবং কি হচ্ছে, এই সব বিষয় খুঁজে বের করতে। তাই তারা তাদের কলার ঘুরিয়ে, এবং তাদের প্লাগ টুপি পরে, তারা রাস্তায় হাঁটছিল।

আর এখানে একজন পুলিশ আসেন, তার পুরানো ছোটো লাঠি হাতে নিয়ে, একটি বাঁশি বাজিয়ে, "ক্রুশের কাছে যেখানে আমার ত্রাণকর্তা মারা গিয়েছিলেন, সেখানে আমি পাপ থেকে শুচি হওয়ার জন্য ক্রন্দন করেছি; সেখানে আমার হৃদয়ে রক্ত প্রযুক্ত হয়েছিল, তাঁর নামের মহিমা ইউক," রাস্তায় হাঁটছিলাম।

তাই তারা বলল, "তারা ধার্মিক লোক বলে মনে হচ্ছে। আমরা তাকে জিজ্ঞাসা করব।" আর তারা বলল, "মহাশয়!"

বললেন, "হ্যাঁ, মহাশয়?"

তিনি বলেছিলেন, "আমরা মার্কিন যুক্তরাষ্ট্র থেকে এখানে এসেছি। আমরা একটি প্রতিনিধি দল। আমরা এখানে ওয়েলশ পুনরুজ্জীবন তদন্ত করতে এসেছি, তথাকথিত। আমরা ডিভিনিটির ডাক্তার, আর আমরা এখানে এটি দেখতে এসেছি।" তিনি বলেছিলেন, "আমরা জানতে চাই যে পুনরুজ্জীবন কোথায়, এবং এটি কোথায় অনুষ্ঠিত হয়েছে।"

তিনি বললেন, "মহাশয়, আপনি এসেছেন। আমি ওয়েলশ পুনরুজ্জীবন।" আমেন! "ওয়েলশ পুনরুজ্জীবন আমার মধ্যে আছে। এটি এখানে, যেখানে এটি আছে।"

81 আপনি যখন জীবন্ত জলের ঝর্ণার কাছে বাস করেন তখন এটি এমনই হয়। এটি সব সময় জীবিত, সবসময় বুদবুদ করতে থাকে।

এর কোন শেষ নেই। না, "যান, গিয়ে দেখুন, জল আছে কিনা, যদি আমাদের এখানে খুব বেশি দিন আগে বৃষ্টি হত," সেটি নয়। এটি জীবন্ত জলের উনুই। যেমন আমি বলি, এটি বিনামূল্যে তার জল প্রদান করে।

82 আপনাকে এর উপর ন্যাকড়া লাগাতে হবে না, খুঁজে বের করার জন্য; কিছু শিক্ষামূলক ন্যাকড়া, আপনি তাকে প্রচার করার জন্য পাঠানোর আগে, দেখার জন্য যে তিনি বানান ঠিক বলতে পারেন কিনা, সঠিক বলতে পারছেন কিনা, সে বিশেষ্য এবং সর্বনাম ব্যবহার করছে কিনা, ইত্যাদি, এবং বিশেষণ ব্যবহার করছে কিনা। তাদের মধ্যে অনেকেই জানেন না তারা কি, কিন্তু তিনি উনুই এর কাছে একইভাবে বসবাস করছেন, দেখুন, একই ভাবে।

83 এর জন্য স্থানীয় বৃষ্টির উপর নির্ভর করতে হবে না, এটি পূরণ করার জন্য, অথবা স্থানীয় পুনরুজ্জীবনের উপর নির্ভর করতে হবে না। এটা করতে হবে না, কারণ এর শক্তি এবং এর বিশুদ্ধতা তার নিজের মধ্যে রয়েছে। সেখানেই বাক্য আছে, এর নিজস্ব শক্তি! যখন একজন মানুষ তার হৃদয়ে এটি গ্রহণ করতে পারে, তখন এটি এর বিশুদ্ধতা পায়। এর শক্তি আছে। এটা ঠিক স্বয়ং বাক্যেই আছে, জীবনের উন্মোচন করে।

84 ইস্রায়েল এটি থেকে দূরে চলে যাবে, তারা সমস্যায় পড়বে। যখনই তারা এটা থেকে দূরে সরে গেছে, তারা সমস্যায় পড়েছে।

আমরা এখন যেমন করি। যখন পুনরুজ্জীবন এটি থেকে দূরে চলে যায়, তখন এটি ভাল নয়। এটি নিজে কিছু কূপ খনন করে, অথবা কিছু স্থবির কুন্ড, আর সেখানে যায়।

85 কিন্তু তিনি সবসময় তাদের সাহায্য করতেন। লোহিত সাগরের কাছে বচসা, তারপর যখন তারা বচসা...তবুও, সবকিছুর মধ্যে, তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, তাদের একটি প্রতিশ্রুতি দিয়েছিলেন। তাঁর উচিত ছিল, তাদের ঠিক সেখানে ফিরিয়ে দেওয়া, আমরা যেভাবে এটি দেখব; কিন্তু তিনি তাদের সেখানে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

তিনি কি করেছিলেন? তারা ইস্রায়েলের সন্তান, তিনি তাদের আগুনের স্তম্ভ এবং সবকিছু সজ্জিত করেছিলেন, একটি প্রমাণের জন্য, তাদের ভাববাদী। আর তারা তাদের সমুদ্রের কাছে নিয়ে গেল। আর, সর্বদা, এর বিরুদ্ধে সমস্যা রয়েছে। আর এখানে ফরৌণ এবং তার বাহিনী আসে। আর ঈশ্বর কি করেছেন জানেন? তিনি সবেমাত্র সেই লাল, স্থবির কূপটি খুলেছিলেন।

মৃত সাগর পৃথিবীর সবচেয়ে মারাত্মক জিনিস। এটি সত্যিই মৃত। এটি স্থবির হয়ে গেছে। কিছুই এতে বাস করতে পারে না।

আর তিনি এটি খুলে দিলেন এবং তাদের মুক্ত করলেন, অন্য দিকে। তিনি তাদের নিয়ে গেলেন, যেখানে তাদের এমন একটি বিষয় দ্বারা আবদ্ধ হতে হবে না।

86 প্রান্তরে, তারা খুঁজে পান যে কূপের উপর নির্ভর করা যায় না; তারা শুকিয়ে গিয়েছিল। খুঁজে পায়, তারা এক জলের গর্ত থেকে অন্য জলের গর্তে যায়। যখন তারা প্রান্তরে ছিল, তখন তারা পানীয় জলের জন্য অনাহারে মারা যাচ্ছিল। আর তারা এখানে এই জলাশয়ে যায়, একটি পুকুরে; এটি শুকিয়ে গিয়েছিল। তারা অন্য জায়গায় চলে যায়; এটি শুকিয়ে গিয়েছিল। তারা ভাবতে পারেনি, যে তারা কখনও জল পান করতে পারবে।

আর তারপর সমস্ত মরুভূমির সবচেয়ে অসম্ভাব্য স্থানে, তারা জল খুঁজে পায়। এটি একটি পাথরের মধ্যে ছিল। এটি একটি পাথরের মধ্যে ছিল। সবচেয়ে অসম্ভাব্য স্থান যেখানে একজন মানুষ জল খুঁজে পেতে পারে, একটি মরুভূমির মাঝখানে একটি শুকনো পাথরে। কিন্তু, আপনারা দেখুন, ঈশ্বর এমন কিছু করেন। সবচেয়ে অসম্ভাব্য স্থানে, সবচেয়ে অস্বাভাবিক উপায়ে। এটাই আমরা সবসময় পেয়েছি।

87 তারা মনে করে, আপনার একটি বড় ধর্মসম্প্রদায় থাকতে হবে, একসাথে, এবং তারা সকলে একত্রিত হয়ে চারপাশে ঘুরবে, এবং আরও অনেক কিছু, এবং হাজার হাজার লোক সহযোগিতা করবে, আর *এইরকম* সবাই, একটি পুনরুজ্জীবনের জন্য।

কখনও কখনও ঈশ্বর সেই বৃদ্ধকে নেন, যিনি তার এবিসিও জানেন না, এবং ঠিক একদল নিরক্ষর লোকের মধ্যে যারা তাদের ডান হাত, বাম হাত চেনেন না, তিনি একটি পুনরুজ্জীবন উত্থাপন করতে পারেন, যা বিশ্বকে নাড়া দেয়। তিনি যোহনের সময়ে করেছিলেন। তিনি ভাববাদীদের সময়ে এটা করেছিলেন। তাদের কেউই, যেমন আমরা জানি, কখনও শিক্ষিত ছিল না, কিন্তু ঈশ্বর তাদের নিতে পারেন এবং তাদের নিয়ে কিছু করতে পারেন।

88 এই প্রস্তর থেকে জল বেরিয়ে আসে। তিনি সেই প্রস্তর ছিলেন। এবং তিনি এই প্রস্তরকে আদেশ করেছিলেন, এবং অবশ্যই আঘাতপ্রাপ্ত হবে। আর যারা পান করবে তাদের তিনি বিশুদ্ধ, সতেজ, পরিষ্কার জল দিয়েছেন। যারা পান করবে তিনি তাদের সবাইকে পরিত্রাণ দিয়েছিলেন। ঠিক যোহন ৩:১৬ এর মতো।

...ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্রকে দান করিলেন,...যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়,

89 ঈশ্বর সেই প্রস্তরকে আঘাত করেছিলেন, কালভেরীতে। আমাদের বিচার তাঁর উপর ছিল, যেন তাঁর কাছ থেকে জীবনের আত্মা আসতে পারে, যা আপনাকে এবং আমাকে অনন্ত জীবন প্রদান করবে। এটি এর একটি নিখুঁত দৃষ্টান্ত, সেখানে এই প্রান্তরে।

90 তাদের কখনই টানতে, খনন করতে, পাম্প করতে বা অন্য কিছু করতে হয়নি; শুধু তাঁর প্রদত্ত পথ থেকে, অবাধে অংশ গ্রহণ করুন। তাদের এটি একটি পুকুর থেকে খনন করতে হয়নি। তাদের এটি একটি বালতি দিয়ে টেনে তুলতে হয়নি। এটা পাওয়ার জন্য তাদের কোন পেঁচানোর যন্ত্র ছিল না। তাদের শুধু এতে অংশ নিতে হয়েছিল।

আর এটাই এখন আছে। আপনাকে কিছুতেই যোগদান করতে হবে না। আপনাকে বেদীতে নেমে কিছু করতে হবে না, এটি পাম্প করার জন্য। আপনাকে বারবার একটি শব্দও বলতে হবে না, যতক্ষণ না আপনি ভাষার বিভ্রান্তিতে চলে যান। একমাত্র জিনিস আপনাকে যা করতে হবে তা হল কেবল তাঁর সাথে অংশ গ্রহণ করা, অবাধে, ঈশ্বরের প্রদত্ত উপায়ে। কোন পাম্পিং নেই, কোন ধাক্কাধাক্কি নেই, কিছুই নেই; শুধু এটি গ্রহণ করুন, অবাধে। আপনাকে কিছুই করতে হবে না; শুধু এতে অংশ নিন। অর্থাৎ, এটি বিশ্বাস করুন। আমি শুধুমাত্র এটি বলতে পারি।

এর জন্য তাদের কখনও কিছু করতে হয়নি। এর জন্য কখনও খনন করতে হয়নি। তাদের এর জন্য কখনও সারা রাত কাঁদতে হয়নি। তারা শুধু এতে অংশ নিয়েছিল; এটিকে আঘাত করা হয়েছিল এবং প্রস্তুত ছিল। সেটি ঠিক।

91 আমি এখন একজন ব্যক্তির দিকে তাকিয়ে আছি, এখানে ঘরের পিছনে বসে আছেন। আমার মনে আছে, তাকে বলেছিলাম যে, একদিন একটি পুরানো খামারে, একটি যাবপাত্রে।

আর তিনি বললেন, "কিন্তু আমি ভালো নেই।"

92 আমি বললাম, "আমি জানি আপনি নন।" আর আমি বললাম, "আমিও নই।" কিন্তু আমি বললাম, "আপনি কি, তার দিকে আপনি দেখছেন। আর আপনি কী, তার দিকে দেখা বন্ধ করুন, আর দেখুন তিনি কী।"

তিনি বলেছিলেন, "আমি যদি এই সিগারেটগুলি থেকে মুক্তি পাই, ভাই ব্রানহাম, আমি—আমি—আমি একজন খ্রিস্টান হব।"

93 আমি বললাম, "তাদের থেকে মুক্তি গ্রহণ করবেন না। আপনি ভালো হওয়ার চেষ্টা করছেন, তারপর তাঁর কাছে আসবেন। তিনি কখনও ভালো মানুষকে বাঁচাতে আসেন নি; তিনি খারাপ মানুষকে বাঁচাতে এসেছেন, যারা জানেন যে তারা খারাপ।"

তিনি বললেন, "ঠিক আছে..."

আমি বললাম, "শুনুন, আপনি নরকে যেতে চান না, তাই নয় কি?"

তিনি বললেন, "না।"

94 আমি বললাম, "ঠিক আছে, আপনাকে যেতে হবে না। তিনি প্রাণ দিয়েছেন যেন আপনাকে না যেতে হয়।"

তিনি বললেন, "আমাকে কি করতে হবে?"

আমি বললাম, "কিছু না। এটি ঠিক ততটাই সহজ।"

তিনি বললেন, "কিন্তু যদি আমি কখনও..."

95 আমি বললাম, "সেখানে আপনি যাচ্ছেন, আবার সেই সিগারেটের দিকে ফিরে যাচ্ছেন। সেই সিগারেটের কথা ভাবা ছেড়ে দিন। শুধু মনে রাখবেন, তাঁর সম্পর্কে চিন্তা করুন, তিনি কি করেছেন, তিনি কি; আপনি কি, সেই বিষয়ে নয়। আপনার কাছে ভালো কিছু নেই; আপনার কাছে কখনও ছিল না, আর কখনও হবেন না। কিন্তু, তিনি যা, তিনিই সেই এক!" আর আমি বললাম, "এখন, আপনাকে একটি কাজ করতে হবে; যদি তিনি সেখানে আপনার স্থান নেন, আপনি স্বেচ্ছায় তিনি যা করেছেন তা গ্রহণ করুন। আপনাকে কেবল এটি গ্রহণ করতে হবে।"

"কেন," তিনি বললেন, "এটি সহজ। আমি সেটি করব।"

96 আমি বললাম, "এখানে নদী রয়েছে।" দেখুন? আমি তাকে এখানে নিয়ে এসে যীশু খ্রীষ্টের নামে তাকে বাপ্তিস্ম দিলাম।

তার কিছু ব্যক্তি এখানে বসে আছেন, আর আমি—আমি জানি, এটি করার জন্য তারা আমার সাথে মজা করেছেন, কিন্তু আমি জানতাম আমি কি করছিলাম। আমি লোকটির মধ্যে এমন কিছু দেখেছি যা প্রকৃত ছিল। আমি সেখানে এটি দেখতে পাচ্ছিলাম, আর আমি তাকে নিয়ে গিয়ে প্রভু যীশুর নামে বাপ্তিস্ম দিলাম।

আর, যখন আমরা সেটি করলাম, তার পরে খুব বেশি সময় লাগেনি, যখন আমি তার ছেলের বাড়িতে গেলাম। আমরা

একটি—একটি দর্শন দেখেছি, যে একটি নির্দিষ্ট স্থানে একটি গাছ ভেঙে যাচ্ছে, আর লোকটি পড়ে গিয়েছিল, প্রায় তার কোমর ভেঙে গিয়েছিল। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আর সেই রাতে প্রভু আমার কাছে প্রকাশ করেছিলেন, এটি সিগারেটের অন্ত ছিল।

তাই পরের দিন সে কিছু সিগারেট চাইল। আমি বললাম, "আমি তার জন্য একটি প্যাকেট কিনে তার কাছে নিয়ে যাব। আপনারা শুধু দেখতে থাকুন, তার সিগারেটের দিন শেষ হয়ে গেছে।" তারপর থেকে তিনি কখনও ধূমপান করেননি, আর একটির আকাঙ্খাও করেননি। ঈশ্বর!

97 দেখুন, আপনাকে প্রথমে যা করতে হবে, তা হল সেই উনুই এর কাছে আসা। আপনাকে সেই জলের কাছে আসতে হবে, বুঝতে হবে এটি এমন কিছুই নয় যা আপনি করতে পারেন। এটি তিনি আপনার জন্য কি করেছেন। আপনাকে খনন করতে হবে না; আপনাকে পাম্প করে বের করতে হবে না; আপনাকে *এটি* ছাড়তে হবে না; আপনাকে *সেটি* ছাড়তে হবে না। শুধুমাত্র আপনাকে সেখানে যেতে হবে এবং পান করতে হবে। এটাই সব। আপনি যদি তৃষ্ণার্ত হন, পান করুন!

98 এখন, তিনি ছিলেন প্রস্তর। ঈশ্বর আমাদের জন্য তাকে আঘাত করেছিলেন, আর তিনি প্রচুর বিশুদ্ধ, স্বচ্ছ জল প্রদান করেছিলেন। তিনি এখনও, আজ, প্রত্যেককে প্রদান করেন, যারা বিশ্বাস করবে। এটি তাঁর অনুগ্রহ, অবশ্যই, তাঁর লোকেদের প্রতি, আমাদের জন্য।

99 সেখানে এমন কিছু আছে, যেমন আজকের লোকেরা, তারা যা পেতে পারে তা গ্রহণ করতে প্রস্তুত, কিন্তু বিনিময়ে কোন সেবা দিতে চায় না। এখন ইস্রায়েল প্রস্তুত ছিল প্রস্তরটির থেকে পান—পান করার জন্য, কিন্তু তারা ঈশ্বরকে তার সেবা দিতে চায়নি, যা তার পাওনা ছিল।

100 আর তিনি সর্বদা আমাদের একটি সেবা প্রদান করছেন। আপনারা জানেন, আমরা এমনকি তাকে ছাড়া শ্বাস নিতে পারি না। আমরা ঈশ্বরের সেবা ছাড়া শ্বাস নিতে পারি না। আমরা এইভাবে তাঁর উপর নির্ভরশীল। আর, তবুও, যদি আমরা করার চেষ্টা করি, এটি আমাদের প্রায় দুই ভাগে বিভক্ত করে, তার জন্য অবশ্যই কিছু করতে হবে। তিনি আমাদের কিছু করতে বলেছেন, যান কারোর সঙ্গে দেখা করুন, যান কারোর জন্য প্রার্থনা করুন, যান কাউকে সাহায্য করুন, এটি আমাদের প্রায় ভেঙে ফেলে, এটি করতে গেলে। কিন্তু আমরা তাঁর জন্য কিছু করতে চাই না, তাঁর সেবার জন্য।

101 তাঁর অভিযোগ ছিল, "আমাকে তাহারা ত্যাগ করিয়াছে, বাক্যকে; এবং পরিবর্তে একটি ভগ্ন কূপ গ্রহণ করিয়াছে। করিয়াছে... আমাকে তাহারা ত্যাগ করিয়াছে, জীবন্ত জলের উনুই, জীবনের জলের উনুই; আর তারা চায়, বরং একটি স্থির কূপ থেকে পান করছে।" আপনারা কি এটা কল্পনা করতে পারেন ?

102 আপনারা কি এখন একজন ব্যক্তিকে কল্পনা করতে পারেন, যিনি, *এখানে* একটি আর্টেজীয় উনুই রয়েছে, চুনাপাথরের জল বের করে আনছে, ঠিক পাথরের হৃদয় থেকে, নিচে বালির স্তর থেকে, ইত্যাদি, ঠিক যতটা ঠান্ডা এবং উত্তম হতে পারে; আর সেখানে একটি কূপ থেকে পান করতে চায়, যেটি খামারের ছাদ ধুয়ে এসেছে, আর ছাউনির উপর থেকে, এবং জায়গাটির চারপাশে সমস্ত বাইরের ভবন ধুয়ে একত্রিত হয়েছে ? আর এটি ঠিক সেই কূপের মধ্যে একত্রিত করে, যেখানে জল চোয়ায়, খামার থেকে, আস্তাবল এবং গোয়াল থেকে, আর সবকিছু কূপে চলে যায়, আর তারপর আমরা...সেই আর্টেজীয় উনুই এর নিকট যাওয়ার থেকে সেখান থেকে পান করা ? সেই ব্যক্তির সাথে মানসিকভাবে কিছু ভুল রয়েছে। সেটা ঠিক।

103 আর যখন একজন পুরুষ অথবা একজন মহিলা একটি ধর্মসম্প্রদায়ে অবস্থান নেন, এটি বব করা চুল, হাফপ্যান্ট পরিধান করা, মেকআপ করা, এই সমস্ত অন্যান্য ধরণের সামগ্রীর অনুমতি প্রদান করবে, আর কোন ছোট একটি—একটি কার্যক্রম, আর এই সব কিছু করার অনুমতি প্রদান করে, আর বোলিং গলিতে যেতে অনুমতি প্রদান করে, আর—আর সেখানে সেই সব আজেবাজে কথা, আর সেটা সহ্য করতে পারে; এবং ঈশ্বরের সেই পুরানো ধাঁচের বাক্য যা কেটে ফেলে এবং ছেঁটে ফেলে তার চেয়ে ভালো, এবং মহিলাদের থেকে নারীদের তৈরি করে, এবং তাদের সঠিক পোশাক পরিধান করায় এবং সঠিক আচরণ করায়, সিগারেট এবং তামাক গ্রহণ, এবং শপথ করা এবং অভিশাপ দেওয়া, এবং মিথ্যা বলা এবং চুরি করা, আপনার কাছ থেকে দূরে নিয়ে যায়, এবং সমস্ত পৃথিবী আপনার কাছ থেকে দূরে নিয়ে যায়, এবং আপনাকে এমন কিছু প্রদান করে যা আপনাকে পরিতৃপ্ত করে। কেন একজন পুরুষ অথবা একজন মহিলা সান্ত্বনার জন্য এমন একটি বিষয়ের কাছে যায় ? কিভাবে আপনি এটি থেকে পরিতৃপ্তি পেতে পারেন ?

104 কিভাবে আপনি একটি স্থির কূপ থেকে একটি বিশুদ্ধ পানীয় পেতে পারেন ? কেন একজন ব্যক্তি...যদি একজন ব্যক্তি পান করার জন্য একটি স্থবির কূপে যায়, যখন একটি আর্টেজীয় উনুই

উন্মুক্ত আছে, আপনারা বলবেন, "সেই লোকটির মানসিক অবস্থা ঠিক নেই।"

আর যদি একজন মহিলা অথবা একজন পুরুষ পরিতৃপ্ত হওয়ার জন্য এমন জায়গায় যান, তাহলে সেই ব্যক্তির সঙ্গে আধ্যাত্মিকভাবে কিছু ভুল আছে। তারা বাক্য চায় না। এটা দেখায় যে তাদের স্বভাব এখনও একটি ব্যাঙ, অথবা একটি ব্যাঙাচি, অথবা অন্য কিছু, সেটা ঠিক, সেই প্রকৃতির কিছু যারা সেই স্থবির জলাশয়টি পছন্দ করে, কারণ এই ধরণের জিনিসগুলি পরিষ্কার জলের জলাশয়ে বাস করতে পারবে না। তারা এটা করতে পারে না; এটা বিশুদ্ধ জল। তারা এটা করতে পারে না।

105 এখন, অভিযোগ ছিল, "তারা এটা ছেড়ে চলে গেছে।" আর আজ তারা একই কাজ করেছে।

এখন কূপের ধারে মহিলাটিকে দেখুন। ঠিক আছে, সে যাকোবের কূপের কাছে আসে, আর সে সেখানে যাকোবের কূপ থেকে সব সময় জল নিয়ে আসছিল। কিন্তু যাকোবের কূপ, ধর্মসম্প্রদায়, আমরা এটিকে বলব, কারণ তিনি তাদের তিনটি খনন করেছিলেন; আর এটি তিনি খনন করেছিলেন। এখন, তার একটি দুর্দান্ত গল্প ছিল। সে বলল, "এখন, আমাদের পিতা যাকোব, এই কূপটি খনন করেছেন। তিনি এটি থেকে পান করতেন, আর তার গবাদি পশুরা এটি থেকে পান করত, আর সকলে। এটি কি যথেষ্ট ভালো নয়?"

106 তিনি বললেন, "কিন্তু তুমি সেখান থেকে যে জল তুলবে, তুমি পুনরায় তৃষ্ণার্ত হবে, পুনরায় এখানে ফিরে আসতে হবে। কিন্তু," বললেন, "আমি তোমাকে যে জল দিই তা হল একটি উনুই, একটি ঝর্ণা ভেতর থেকে বেরিয়ে আসছে, আর তোমাকে এটি নেওয়ার জন্য এখানে আসতে হবে না। এটি তোমার সাথে থাকবে।"

107 লক্ষ্য করুন। কিন্তু যখন সে আবিষ্কার করল যে একটি শাস্ত্রীয় ঝর্ণা তার সঙ্গে কথা বলেছে, একটি শাস্ত্রীয় চিহ্ন দ্বারা, যা সে খুঁজছিল, সে সেই যাকোবের ধর্মসম্প্রদায়ের ব্যবস্থা ছেড়ে দেয় এবং আর কখনও সেখানে ফিরে যাননি, কারণ সে প্রকৃত প্রস্তরকে খুঁজে পেয়েছিলেন। দেখুন? সে শহরে ছুটে যায়। সে পাপের মধ্য দিয়ে গিয়েছিল। সে আর একজন অপবিত্র মহিলা ছিল না। সে বলল, "এসো, দেখো আমি কাকে খুঁজে পেয়েছি, একজন ব্যক্তি যিনি আমাকে বলেছেন যা আমি করেছি। ইনিই কি সেই খ্রীষ্ট নন?" সে... সেই কূপটি হয়তো ঠিক ছিল; এটি তার উদ্দেশ্য পূরণ করেছিল। এখন সে সত্যিকারের ঝর্ণার কাছে ছিল। প্রকৃত ঝর্ণা উন্মুক্ত না হওয়া পর্যন্ত কূপটি ঠিক ছিল। কিন্তু যখন প্রকৃত ঝর্ণা চলে আসে, তখন

কূপটি তার শক্তি হারিয়ে ফেলে। সে পান করার জন্য একটি উত্তম স্থান খুঁজে পেয়েছিল।

108 আর একটি উত্তম স্থান আছে। সেখানে একটি উত্তম স্থান আছে, আর সেটা খ্রীষ্টের মধ্যে। যোহন লিখিত সুসমাচার ৭:৩৭ এবং ৩৮-এ, যীশু বলেছেন, কুটীরবাস পর্ব্বের শেষ সময়ে, "কেহ যদি তৃষ্ণার্ত্ত হয়, তবে আমার কাছে আসিয়া পান করুক।"

তারা সবাই আনন্দ করছিল। তাদের বেদীর নিচ থেকে অল্প জল বেরিয়ে আসছিল, আর—আর সেখানে তারা সকলে তার থেকে পান করছিলেন, পর্ব্বের—পর্ব্বের উদযাপন করছিল। আর বলছিল, "আমাদের পূর্বপুরুষেরা প্রান্তরে আধ্যাত্মিক প্রস্তর থেকে পান করেছিলেন।" দেখুন, তারা নিজেদের জন্য একটি কূপ তৈরি করেছিল, কোন স্থির জল তারা কোথাও থেকে পাম্প করে, আর মন্দিরের নীচে ছিটিয়ে দেয়। আর তারা সকলে একত্রিত হয়ে এই জল পান করত এবং বলত, "অনেক বছর আগে, আমাদের পূর্বপুরুষরা প্রান্তরে পান করেছিলেন।"

যীশু বললেন, "আমি সেই প্রস্তর যা প্রান্তরে ছিল।"

বলেছিলেন, "আমরা স্বর্গ থেকে মান্না খেয়েছিলাম, আর ঈশ্বর এটি বর্ষণ করেছিলেন।"

109 বললেন, "আমি সেই মান্না।" তিনি, সেই উনুই, তাদের মধ্যে দাঁড়িয়ে ছিলেন। সেই জীবনের রুটি তাদের মধ্যে দাঁড়িয়ে ছিলেন।

তবুও তারা এটি চায়নি। তারা বরং তাদের কূপ চেয়েছিল; কারণ, মানুষ *এটি* তৈরি করেছিল, আর ঈশ্বর *সেটি* পাঠিয়েছিলেন। ঠিক এটাই পার্থক্য। নিজেরাই কূপ খনন করেছিল!

110 তিনি বলেছেন, "কেহ যদি তৃষ্ণার্ত্ত হয়, তবে আমার কাছে আসিয়া পান করুক," তিনি সেই উনুই, "এবং, শাস্ত্রে যেমন বলে, তাহার অন্তর হইতে জীবন্ত জলের নদী বহিবে।" ওহ, তিনি সেই আর্টেজীয় উনুই! "তাহার অন্তর হইতে," অথবা অন্তরতম সত্তা, "জীবন্ত জলের নদী বহিবে।"

111 তিনি সেই প্রস্তর, যিনি ছিলেন...সেই হাগারের প্রস্তর ছিলেন, বিপদের সময়ে; যখন তার শিশুটি মারা যাচ্ছিল, যখন তাকে শিবির থেকে বের করে দেওয়া হয়েছিল, এবং ছোট ইশ্মায়েলের সাথে সেখানে ছিলেন। তার জল, তার কুপাতে যেটি সে তার সঙ্গে নিয়ে এসেছিল, শেষ হয়ে যায়। আর সে ছোট ইশ্মায়েলকে শুইয়ে দেয়; আর এগিয়ে গিয়ে, এক তীর দূরে, ক্রন্দন করতে থাকে, আর, ওহ, কারণ সে শিশুটির মৃত্যু দেখতে চায়নি। আর

অকস্মাৎ, প্রভুর দূত কথা বললেন, আর সে বের-...বের্-শেবাকে খুঁজে পেলেন, সেই—সেই কূপ সেখানে, যা প্রবাহিত হচ্ছিল, আর এখনও প্রবাহিত হচ্ছে। তিনি ছিলেন হাগারের বের্-শেবা, প্রস্তর সেখানে প্রান্তরে।

112 এটি এখানে রক্তে ভরা ঝর্ণায় দাঁড়িয়ে ছিল, সেই দিন, সেখানে মন্দিরে দাঁড়িয়ে। [টেপের খালি অংশ—সম্পাদকীয়।]...ঝড়ের সময়ে। সখরিয় ১৩ তম অধ্যায়ে, তিনি ছিলেন সেই উনুই যা দায়ূদের বংশে খোলা হয়েছিল, পরিষ্কার করার জন্য, (পাপ) পাপ পরিষ্কার করার জন্য। তিনি সেই উনুই ছিলেন। এবং গীতসংহিতা ৩৬:৯ এ, তিনি ছিলেন দায়ূদের জীবনের উনুই। তিনি এখনও দায়ূদের বংশে সেই উনুই।

আর তিনি কবি, তার হৃদয়ে সেখানে। কবি বলেছেন:

রক্তে ভরা উনুই আছে,
ইম্মানূয়েলের শিরা থেকে বয়ে আসা,
যখন পাপীরা সেখানে ডুবে যায়,
তাদের সমস্ত পাপের দাগ মিটে যায়।

তিনি সেই জীবনের উনুই, জলের উনুই। তিনি ঈশ্বরের বাক্য।

113 এই শেষ সময়ের লোকেরা তাকে পরিত্যাগ করেছে, সেই সত্য বাক্যকে, জীবনের জলকে; এবং নিজেদের জন্য ধর্মসম্প্রদায়ের কূপ খনন করেছে; আর, পুনরায়, কেটেছে, খনন করেছে!

114 আর এখন আমরা খুঁজে পাই, তাদের ভগ্ন কূপ ছিল। আর তখন এই কূপটি অবিশ্বাসী জীবাণুতে, অবিশ্বাসী গর্ব, শিক্ষামূলক প্রোগ্রাম এবং আরও অনেক কিছু দিয়ে পূর্ণ হয়, যা ঈশ্বরের প্রতিশ্রুতির বিপরীতে। তারা বাক্য সন্দেহকারী।

115 এখন, এই কূপগুলি যা তাদের কাছে আছে, বাইবেল বলে, "ভগ্ন" হয়েছিল। *ভগ্ন* কূপ হল একটি "ফুটো" কূপ, আর এটি থেকে জল চোয়াচ্ছে। এটা কি করছে? এটি ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদ নামক একটি ধর্মীয় জলাশয়ের মধ্যে চোয়াচ্ছে। আর সেখানেই ভগ্ন কূপটি তাদের নিয়ে যাচ্ছে, কারণ তারা তাকে পরিত্যাগ করেছে, এবং...জীবন্ত জলের উনুই; আর এই কূপগুলি তৈরি করেছে।

116 শিক্ষা, শিক্ষালয় ইত্যাদির বড় সেমিনারী সিস্টেমগুলি খনন করেছে। এটি সেই ধরনের কূপ, যা আজ তারা খনন করছে, যে একজন ব্যক্তি, প্রচার করতে যাওয়ার আগে পিএইচ.ডি., অথবা এলএল.ডি., অথবা স্নাতক, অথবা কিছু, থাকতে হবে। কূপ যা মনুষ্যসৃষ্ট ধর্মতত্ত্ব দ্বারা পূর্ণ। তারা তাদের শিক্ষার এই বড় বড়

বিদ্যালয়ে নিয়ে যায়, এবং সেখানে তারা সেখানে তাদের নিজস্ব মনুষ্যসৃষ্ট ধর্মতত্ত্ব প্রবেশ করায়, এবং তারা এটি তার সাথে বাইরে পাঠায়। কি একটি দিনে আমরা বাস করছি, মনুষ্যনির্মিত কূপ! কোন অসুবিধা নেই...আশ্চর্যের কিছু নেই যে বিষয়টি একটি—একটি দুর্গন্ধে পরিণত হয়েছে, ওহ, আমার, কারণ লোকেরা এটি থেকে পান করে।

117 আর আজ যখন মানুষ আনন্দ চায়, তারা কি করে? লোকেরা, প্রভুর আনন্দ গ্রহণ করার পরিবর্তে, তারা আনন্দের জন্য পাপের দিকে ফিরে যায়। যারা গির্জায় যায় এবং খ্রীষ্টের সেবক বলে দাবি করে, যখন তারা সত্যিকারের নার্ভাস হয়ে যায়, তারা একটি সিগারেট জ্বালাবে। আর যখন তারা—যখন তারা কোন—কোন আনন্দ করতে চায়, তারা তাদের অনৈতিক পোশাক পরিধান করে আর বাইরে গিয়ে ঘাস কাটে যখন পুরুষরা যায়, যাতে তারা তাদের দিকে শিস দেয়। তারা জনপ্রিয় হওয়ার জন্য সবকিছু করে। তারা চলচ্চিত্র তারকাদের মতো দেখতে হতে চায়। এটাই তাদের আনন্দ।

যখন, যীশু বলেছিলেন, "আমিই তাহাদের যথেষ্ট।"

যে কারণে তারা সেখানে যায়, কারণ তারা সেই উনুই থেকে পান করতে চায় না। তারা এটি প্রত্যাখ্যান করেছে। তারা এটি থেকে পান করতে চায় না। তারা নিজেদেরকে এক ধরণের মানবসৃষ্ট ব্যবস্থার সাথে যুক্ত করে, এক ধরণের কূপ যা সব ধরণের স্থবির জিনিস দিয়ে পূর্ণ, যেন তারা সেভাবে যেতে পারে।

118 গতকাল, আমরা সন্তানদের নদীতে নিয়ে গিয়েছিলাম। আমি বিশ্বাস করি এটি শনিবার সকালে ছিল। আমরা সেখানে গেলাম; বিলি নৌকায় মাছ ধরছিল। আর আমরা সন্তানদের নিয়ে গিয়েছিলাম, আমার ছোট নাতি আর তাদের, আমার মেয়ে আর আমার ছোট ছেলে, আর আমরা নদীতে গিয়েছিলাম—নৌকায় ভ্রমণ করতে। এমনকি আপনি নদীতে নৌকায় চড়তে পারবেন না, নদীর তীরে অশ্লীল, নোংরা, গাদযুক্ত লোকদের জন্য, অর্ধ নগ্ন আর এভাবে ঘুরে বেড়াচ্ছে। আমাদের পাশে একটি নৌকা চলে আসে, একদল ছোট বারো-, চৌদ্দ বছরের ছেলেদের একটি দল, প্রত্যেকের হাতে একটি বিয়ারের ক্যান এবং একটি সিগারেট। তারা একে বলে "আনন্দ করা।" ওহ, আমার! এই পৃথিবী কতদিন স্থায়ী হতে পারে, এইরকম একটি ব্যবস্থা নিয়ে?

119 তারপর এই চিন্তা থেকে নিজেদের মুক্ত করে, যে তারা মারা গেলে তারা নরকে যাবে, তারা যে কাজটি করে, তারা গিয়ে এই মানবসৃষ্ট কূপগুলির মধ্যে একটিতে যোগ দেয়। সুতরাং সেই একই

ধরণের লোকেরা সেই কূপের অন্তর্গত। এটি পৃথিবীর একগুচ্ছ অপবিত্র, নোংরা ব্যাঙাচি ছাড়া আর কিছুই নয়। আর তারা নিজেদেরকে এর সাথে যুক্ত করে কারণ, যেমন আমার বৃদ্ধা মা বলতেন, "একই স্বভাবের লোকেরা এক সাথে থাকে।" তারা উনুই এর কাছে আসবে না এবং পাপের সেই জীবন থেকে পরিষ্কার হবে না। তারা সেখানে বসবাস করতে চায়, আর তবুও একটি সাক্ষ্য রাখে যে তারা খ্রিস্টান। কেন? তারা তাঁর কাছ থেকে ফিরে গিয়েছে, আনন্দের প্রকৃত উনুই থেকে, জীবন, সিদ্ধ জীবন এবং পরিতৃপ্তি থেকে। এই কারণেই তারা এটা করেছে, কারণ তারা যোগ দিতে চায়। তাদের সেখানে এমন কিছু লোক আছে যারা সেই বিষয়গুলিতে বিশ্বাস করে।

120 এখানে খুব বেশি দিন হয়নি, ভাই ফ্রেড এবং আমি, এবং ভাই টম, আমাদের একদল টুকসন শহরের একটি বিখ্যাত ব্যাপটিস্ট চার্চে গিয়েছিলাম, এমন কিছু অনুসন্ধান করার জন্য যা আমাদেরকে একটু তাজা অনুভূতি প্রদান করবে। আর সেবক, মিশরের লোকদের সম্পর্কে কিছু বলেছিলেন, যখন তারা ছেড়ে এসেছিল, তারা রসুন ইত্যাদি খাচ্ছিল, তারা পুনরায় ফিরে যেতে চেয়েছিল এবং সেটি খেতে চেয়েছিল। বললেন, "এটি আজকের লোকদের মতো কিছুটা।"

আর, আমরা, সবাই বললাম, "আমেন!" আমি এমন দল দেখিনি! পুরো গির্জা সেই প্রচারকের প্রতি দৃষ্টি হারিয়ে ফেলে এবং "আমেন" যে বলেছিল তাকে দেখার জন্য পিছনে তাকালো। তাদের মৃত্যু ভয় দেখানোর মতো। তারা জানত না এটা কি।

যখন, দায়ূদ বলেছেন, "সদাপ্রভুর উদ্দেশে আনন্দধ্বনি কর। তোমরা বীণাতে সদাপ্রভুর স্তব কর! দশতন্ত্রী নেবলে তাঁহার উদ্দেশে গীত গাও! শ্বাসবিশিষ্ট সকলেই সদাপ্রভুর প্রশংসা করুক। তোমরা সদাপ্রভুর প্রশংসা কর!" ঈশ্বর তাঁর লোকেদের মধ্যে আনন্দ করেন। বিদ্বানদের মধ্যে থেকে তারা বলুক, "আমেন," যখন কিছু সঠিক বলা হয়।

121 কেন এই ব্যবস্থা এবং বিশ্বের কূপ থেকে বেরিয়ে আসবেন না, ঈশ্বরের বিশ্বস্ত ব্যবস্থার কাছে, যেটি হল আর্টেজীয় উনুই, যীশু খ্রীষ্ট? আপনারা কেন তাঁর দিকে ফিরে আসবেন না, যেখানে ঈশ্বর আমাদের আনন্দের প্রভূত সাধন, আমাদের প্রভূত সাধন প্রশংসার মধ্যে, পরিতৃপ্তিতে আমাদের প্রভূত সাধন? আমার স্নায়ুর প্রশান্তি ঈশ্বরের কাছ থেকে আসে।

যখন আমি ছিঁড়ে যাই, আমি খ্রীষ্টের মধ্যে আমার পরিতৃপ্তি খুঁজে পাই, সিগারেটের মধ্যে নয়, জগতের বিষয়গুলিতে নয়, কোন ধর্মমতের সাথে যুক্ত হয়ে নয়; কিন্তু তাকে খুঁজে পাওয়ার জন্য, প্রতিশ্রুত বাক্য যা তিনি বলেছেন, "আর আমি যখন যাই, তখন পুনর্ব্বার তোমাদের গ্রহণ করিতে আসিব।" আমি এর মধ্যে আমার আনন্দ খুঁজে পাই। তিনি আমার আনন্দ।

122 তারা আজ বলে, এই বিষয়গুলিতে যোগদান করে এবং এই ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদ তৈরি করে, যে তারা বসবাসের জন্য একটি উত্তম স্থান তৈরি করতে যাচ্ছে। আমার সৎ মতামত অনুযায়ী, তারা পাপ করার জন্য একটি উত্তম স্থান তৈরি করতে যাচ্ছে। সেটা শুধু...পুরো বিষয়টাই পাপ, যেভাবেই হোক; বাস করার জন্য নয়, কিন্তু মারা যাওয়ার জন্য। পাপের জন্য তার স্থান তৈরি করছে, বসবাসের পরিবর্তে।

123 অন্য কোন বিষয়, যীশু খ্রীষ্ট এবং তাঁর জীবনের বাক্যের বাইরে, একটি ভগ্ন কূপ। যে কোন কিছু যা এটি প্রতিস্থাপন করার চেষ্টা করে; নিজের শান্তি আনার জন্য আপনি যা কিছু করার চেষ্টা করেন, আপনাকে সান্ত্বনা দেওয়ার জন্য আপনি যা করার চেষ্টা করেন, যে কোন ধরণের আনন্দ যা আপনি অন্য কিছু থেকে পান, এর বিকল্প হিসাবে, এটি একটি ময়লা পূর্ণ ভগ্ন কূপ। তিনি সিদ্ধ পরিতৃপ্তি প্রদান করেন।

124 আমার এখানে মনে আছে, কয়েক গ্রীষ্ম আগে, আমি পিছনের দরজা দিয়ে বেরিয়েছিলাম। সেখানে একজন তরুণ দুষ্টু ব্যক্তি ছিল, যে আমাকে বলল, বলল, "আপনি জানেন, যে কারণে আপনি সবসময় মহিলাদের সম্পর্কে এইরকম কথা বলছেন, সেই হাফপ্যান্ট এবং জিনিসগুলি পরিধান করার বিষয়ে," সে বলল, "কারণ আপনি একজন বৃদ্ধ।" বলল, "সেই কারণেই এটা বলছেন।"

আমি বললাম, "এখানে দেখো। তোমার বয়স কত?"

বলল, "সাতাশ।"

125 আমি বললাম, "যখন আমি তোমার থেকে অনেক বছর ছোট ছিলাম, আমি একই কথা প্রচার করতাম।"

আমি একটি পরিতৃপ্তির উনুই খুঁজে পেয়েছি। তিনি আমার অংশ। আমেন! যতক্ষণ তিনি এটি সরবরাহ করেন, এটাই সেই সৌন্দর্য। সেটি—সেটি আমার...এটি আমার নৈপুণ্য, তাঁর দিকে তোকানো, তাঁর হাতের কাজ দেখা এবং তিনি কী করছেন তা দেখা। আমার জানা অন্য কোন উনুই নেই!

ওহ, মূল্যবান প্রবাহ,
যে আমাকে তুষার মত সাদা করে তোলে;
অন্য কোন উনুই আমি জানি না,
যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়।

রক্তে ভরা একটি উনুই আছে,
ইম্মানূয়েলের শিরা থেকে বয়ে আসা,
যেখানে পাপীরা ডুবে যায়,
তাদের সব পাপের দাগ পরিষ্কার কার জন্য।

126 আমি আপনাকে বলছি, সেই উনুই ছাড়া অন্য কোন উনুই আমি জানি না। এটি আমাকে পরিষ্কার করেছে, যখন আমি অপরিষ্কার ছিলাম। এটি আমাকে শুদ্ধ রাখে, কারণ আমি ঠিক এটিতে থাকতে চাই, এই তাজা জল পান করার জন্য যা আমার আত্মাকে আনন্দে পূর্ণ করে।

আমি এতটা দুর্বল হয়ে যেতে পারি, এবং অনুভব করতে পারি যে আমার পক্ষে আর এগিয়ে যাওয়া সম্ভব না...আর একবার, কোথাও যাওয়া সম্ভব না; তখন আমি নতজানু হয়ে একটি প্রতিশ্রুতির উপর আঙুল রেখে বলতে পারি, "প্রভু ঈশ্বর, আপনিই আমার শক্তি। আপনি আমার সন্তুষ্টি। আপনিই আমার সবকিছু।" আমি অনুভব করতে পারি, সেখানে আমার ভেতরে কিছু বুদবুদ হচ্ছে। আমি সেখান থেকে বেরিয়ে আসি।

127 আমার বয়স পঞ্চাশ বছর পেরিয়ে গেছে, আমি সকালে ঘুম থেকে উঠব, আপনারা জানেন এটি কেমন, আপনি বিছানা থেকে এক পা নামাতে পারেন না। আমার, আপনি খুব কষ্টে এটা করতে পারেন; আর কেউ দরজায় কড়া নাড়ছে, অথবা বিলি আমাকে বলছে একটি জরুরি অবস্থা আছে, আমাকে কোথাও যেতে হবে। আর আমি ভাবি, "আমি কিভাবে এটা করতে পারি?" একটি পা বাইরে রাখার চেষ্টা করছি।

আমি মনে করি, "আপনি সেই উনুই যিনি আমার শক্তিতে পূর্ণ। আমেন! আমার বল ও আমার সহায় সদাপ্রভুর কাছ থেকে আসে। আপনি আমার আর্টেজীয় উনুই! আপনি আমার যৌবন! 'কিন্তু যাহারা সদাপ্রভুর অপেক্ষা করে, তাহারা উত্তরোত্তর নূতন শক্তি পাইবে; তাহারা ঈগল পক্ষীর ন্যায় পক্ষসহকারে ঊর্দ্ধে উঠিবে; তাহারা দৌড়িলে শ্রান্ত হইবে না; তাহারা গমন করিলে ক্লান্ত হইবে না।' প্রভু ঈশ্বর, এটি আমার কর্তব্য, গমন করার জন্য। আমাকে দায়িত্ব পালনে আহ্বান করা হয়েছে।" আর প্রথম বিষয় যা আপনারা জানেন, কিছু আমার ভিতরে ফুটতে শুরু করে।

128 অন্য দিন, একটি ছোট জায়গায়, আমি এখানে টোপেকা, ক্যানসাসে একটি সভা করছিলাম; সেখানে একজন ছেলে ছিল, একজন তরুণ প্রচারক, আমার প্রথম স্পনসরদের একজন। ভাই রায়, এখানে বসে আছেন, জায়গাটির কথা মনে আছে। এখানে, এই মহান স্থানে, সেখানে একটি—একটি...এই সেবক একটি ছাদের নীচে বা একটি জায়গায় ছিলেন, পাশের দেওয়াল তাকে তার নীচে পিষে দেয়। ছোট ছেলেটি মারা যাচ্ছিল। তার কলিজা ফেটে যায়। তার প্লীহা জায়গা থেকে ছিটকে পড়েছিল। তার উপর কয়েক টন ভার পড়ে।

129 আমি প্রাতঃরাশে বসে, স্ত্রীর সাথে কথা বলছি। আমি বললাম, "স্ত্রী, তুমি জানো, যদি যীশু এখানে থাকতেন, তুমি জানো তিনি কি করতেন?" আমি বললাম, "যখন তিনি আমাকে স্পন্সর করেছিলেন, 'আমি সেই বাক্যে বিশ্বাস করি,' তিনি খ্রীষ্টকে স্পন্সর করছিলেন।" আর আমি বললাম, "এটা শয়তানের একটি কৌশল।" আমি বললাম, "যদি যীশু এখানে থাকতেন, তবে তিনি তাঁর উপর তাঁর পবিত্র হাত রাখতেন। সেই ছেলেটি সুস্থ হয়ে যেত। তার লিভার ফেটে গেছে কিনা তা নিয়ে আমি চিন্তা করি না। তিনি সুস্থ হয়ে উঠবেন, কারণ যীশু সেখানে প্রবেশ করবেন তিনি ঠিক কে তা জেনে। তিনি তাঁর আহ্বান জানতেন, শাস্ত্র সঠিক ছিল, তাঁর মধ্যে প্রমাণিত করে যে তিনি জানতেন তিনি কে, আর নয়...সন্দেহের ছায়া নয়। তিনি তার উপর হাত রেখে বলতেন, 'পুত্র, সুস্থ হয়ে যাও,' সেখান থেকে চলে যেতেন।" আর আমি বললাম, "তাহলে, সেই ছেলেটিকে হত্যা করার জন্য নরকে পর্যাপ্ত শয়তান নেই।" আমি বললাম, "তিনি সুস্থ হয়ে যাবেন।" কিন্তু আমি বললাম, "তুমি দেখ, প্রিয়, তিনি যীশু ছিলেন, ঈশ্বরের পবিত্র হাত।"

আমি বললাম, "আমি একজন পাপী। আমি যৌনতার দ্বারা জন্মগ্রহণ করেছি। আমার পিতা এবং মাতা উভয়ই পাপী ছিলেন, আর আমি কিছুতেই উত্তম নই।"

আর আমি বললাম, "কিন্তু তুমি কি জানো? যদি প্রভু আমাকে একটি দর্শন দেন এবং আমাকে সেখানে পাঠান, তাহলে সেটা ভিন্ন হবে।" আমি বললাম, "আমি সেখানে গিয়ে তার উপর হাত রাখব, যদি তিনি আমাকে দর্শন দেন তবে তিনি সেই বিছানা থেকে বেরিয়ে আসবেন।"

130 তারপর আমি ভাবতে শুরু করলাম, "সর্বোপরি, যদি এটি দর্শন হয়, তবে এটি কি ছিল? এটা তার উপর একই নোংরা হাত

ছিল, আহ-হাহ, একই ব্যক্তি তার জন্য প্রার্থনা করছেন, একই নোংরা হাত।"

তারপর আমি ভাবতে শুরু করি, "আমি তাঁর প্রতিনিধি। তাহলে, ঈশ্বর আমাকে দেখতে পান না। সেই ধার্মিকের রক্ত সেখানে বেদীর উপর রাখা হয়; এটা আমার জন্য মধ্যস্থতা করে। তিনিই আমার পূর্ণতা। তিনি আমার প্রার্থনা। তিনিই আমার জীবন।" আমি বললাম, "একমাত্র বিষয় যা আমাকে বিশ্বাসের সাথে তার উপর হাত রাখতে বাধ্য করেছিল, কারণ দর্শনে আমার বিশ্বাস ছিল। আর দর্শন না থাকলে, একই বিশ্বাস একই কাজ করবে; তাই আমি নিজেকে কিছুই গণ্য করতে পারি না, কিন্তু তাকে আমার সর্বস্ব হিসাবে গণ্য করতে পারি। তিনি আমার জীবন। তিনি আমার অধিকার প্রদানকারী। কোন ধর্মসম্প্রদায় আমাকে পাঠায়নি; তিনি আমাকে পাঠিয়েছেন। হালেলুইয়া! আমি তাঁর নামে প্রস্থান করব। আমি তার উপর হাত রাখব।" সেখানে গিয়ে সেই ছেলেটির উপর হাত রাখলেন, আর সেই রাতে তিনি সভায় ছিলেন, সম্পূর্ণরূপে সুস্থ হয়ে। আমেন!

131 ওহ, হ্যাঁ, তিনি সেই উনুই। "আর কোন উনুই আমি জানি না। যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়!" আমি একজন দুর্গন্ধযুক্ত, আমি একজন ধর্মত্যাগী, আমাদের প্রত্যেকেই, কিন্তু ঈশ্বরের সামনে আমরা সিদ্ধ। যী-..."অতএব তোমাদের স্বর্গীয় পিতা যেমন সিদ্ধ, তোমরাও তেমনি সিদ্ধ হও।" আপনি কিভাবে হতে পারেন? কারণ একজন সিদ্ধ ব্যক্তি সেখানে আমাদের প্রতিনিধিত্ব করেন। সেই উনুই প্রতিদিন সেখানে থাকেন, তাজা। স্থির এমন কিছু নয়, কিন্তু প্রতিদিন তাজা, যা আমার সমস্ত পাপ ধুয়ে দেয়। তিনি সেই উনুই।

132 এখন সমাপ্তিতে, আমি এটি বলতে পারি। এর থেকে ভিন্ন কিছু হল ভগ্ন কূপ, এবং অবশেষে আপনি এতে যা রাখবেন তা ছিদ্র দিয়ে বেরিয়ে যাবে; যদি আপনি আপনার সমস্ত আশা, আপনার সমস্ত সময় এবং সবকিছু, সেই স্থবির কূপগুলির মধ্যে একটিতে রাখেন। যীশু বলেছিলেন যে তারা ভগ্ন কূপ ছিল। ঈশ্বর বলেছেন, "তারা ভেঙ্গে গেছে, আর আপনি তাদের মধ্যে যা রাখবেন তা ছিদ্র দিয়ে বেরিয়ে যাবে।" আপনি তাদের নিয়ে বেশিদূর যেতে পারবেন না, কারণ তারা ছিদ্র দিয়ে বেরিয়ে যাবে। কারণ তিনিই জীবনের জন্য, এবং অনন্ত আনন্দ ও অনন্ত শান্তির জন্য একমাত্র সত্য পথ। তিনিই একমাত্র ব্যক্তি এবং এর একমাত্র পথ। ওহ, আমার!

133 জীবনের অক্ষয় উনুই হলেন যীশু খ্রীষ্ট। কেন? আর তিনি কে? বাক্য, একই; বাক্য, জীবন, উনুই, "কাল, আজ এবং অনন্ত কাল

একই।" প্রকৃত বিশ্বাসী, এটা তার সর্বোচ্চ আনন্দ, তার সর্বোচ্চ জীবন। আর তার সর্বোচ্চ সন্তুষ্টি খ্রীষ্টে। পাম্প করার প্রয়োজন নেই, টেনে তোলার প্রয়োজন নেই, যোগদান করার প্রয়োজন নেই, জমানতের প্রয়োজন নেই; শুধু বিশ্বাস করুন আর বিশ্রাম নিন। বিশ্বাসীদের কাছে তিনি এটাই।

134 পিতা অব্রাহামের মতো, তিনি কখনও টানতেন না, তিনি কখনও বিরক্ত হননি, তিনি কখনও চিন্তিত হননি। তার কাছে বাক্য ছিল। তিনি এল শাদ্দাইয়ের বুকের উপর শায়িত ছিলেন। যখন অব্রাহামের বয়স একশত বছর ছিল, তখন ঈশ্বর তার কাছে দর্শন দিয়েছিলেন এবং বললেন, "আমিই সর্বশক্তিমান।" হিব্রু শব্দটি হল *এল শাদ্দাই*, যার অর্থ, "বক্ষযুক্ত।" "আর তুমি বৃদ্ধ হয়ে গেছ, আর তোমার শক্তি চলে গেছে, কিন্তু আমার বুকে শুয়ে থাকো এবং এই উনুই থেকে তোমার শক্তিকে পরিচর্যা কর।" আমেন! তিনি নিজেকে কি সেবা দিয়েছিলেন? একটি নতুন শরীর। সারার দ্বারা তার সন্তান হয়েছিল। আর, পঞ্চাশ বছর পরে, অন্য মহিলার দ্বারা সাতটি সন্তান হয়।

135 ওহ, এল শাদ্দাই! পুরাতন নিয়ম দেখায় তিনি কি করেছিলেন, নতুন নিয়ম বলে যে তিনি কি করবেন। আমেন! পুরাতন নিয়মে...

136 এখন বাতাস বন্ধ, তাই আমি তাড়াতাড়ি করে এখান থেকে চলে যাব, মাত্র এক মিনিটের মধ্যে।

আমি বন্ধ করার আগে এটি বলতে চাই। আমি একবার এর একটি ভালো উদাহরণ পেয়েছিলাম। আমি টহল দিচ্ছিলাম। আর এখানে অনেক লোক...জর্জটাউনের আশেপাশে, মিলটাউনে, সেখানে পাহাড়ে একটি ঝর্ণা ছিল। এটি একটি আর্টেজীয় উনুই ছিল। এটি প্রায় বাইরে একটি—একটি চার- অথবা পাঁচ ফুট পর্যন্ত জলের স্রোত ফেলত, সব সময় বাইরে বেরিয়ে আসত, আর চারপাশে একটি বড় ঝর্ণা। আর ঠিক এর আশেপাশে এটি এখানে অনেক পেনিরয়্যাল ছিল, আপনারা জানেন, এবং সেখানে জিনিসপত্র বেড়ে উঠছিল, সেই পুদিনার মতো। আর, ওহ, আমি সেখানে যাওয়ার জন্য তৃষ্ণার্ত ছিলাম, ওহ, আমার, সেই উনুই এর কাছে যাওয়ার জন্য। আর আমি সেখানে শুয়ে থাকতাম আর পান করতাম, আর পান করতাম, অপেক্ষা করতাম।

আর বছরের পর বছর আমি এই একই উনুই এর কাছে আসতাম। এটা কখনও থামেনি, শীত অথবা গ্রীষ্ম। তারা এটি হিমায়িত করতে পারেনি। আপনি একটি আর্টেজীয় উনুইকে হিমায়িত করতে পারবেন না। ওহ, না! ওহ, না! আমি চিন্তা করি না কতটা—কতটা

ঠাণ্ডা হয়ে যায়, এটা জমে বরফ হবে না। আপনি একটি কূপ হিমায়িত করবেন; সামান্য তুষারপাত তা করবে। দেখুন ?

কিন্তু যা কিছু চলমান, তার মধ্যে জীবন আছে, এটি চলমান। আর আপনি আর্টেজীয় উনুইকে হিমায়িত করতে পারবেন না। সেই স্থানের চারপাশে আত্মা যতই হতাশাগ্রস্ত হোক না কেন, এই উনুইটি সর্বদা জীবন্ত। সেই উনুই এর পাশে বাস করুন।

137 আর আমি সেখানে লক্ষ্য করলাম, আমি সেখানে গিয়েছিলাম এবং আমি সেখানে পান করতাম, আর, ওহ, আমার, শুধু মিষ্টি জল! আপনাকে কখনই চিন্তা করতে হবে না, "আশ্চর্য হই, যদি আমি সেখানে যাই, আশ্চর্য হব যদি এটি বের হওয়া বন্ধ করে দেয় ?" এটি চলমান...

138 একজন বৃদ্ধ কৃষক আমাকে বললেন, "আমার পিতামহ এটি থেকে পান করেন।" আর বললেন, "এটি কখনও কমেনি বা কিছুই হয়নি। এটি এখনও সেই একই উনুই, সেখান থেকে বেরিয়ে এসে নীল নদীতে চলে যাচ্ছে।"

139 আমি ভাবলাম, "ওহ, আমার, জলের জন্য কত সুন্দর জায়গা!" আমি সেই স্থানে পৌঁছানোর জন্য প্রায় এক মাইল পথ হেঁটে যেতাম, কারণ এটি পান করার জন্য একটি উত্তম স্থান ছিল। ওহ, সেই জল কত উত্তম ছিল! ওহ, আমার!

আমি—আমি সেই মরুভূমিতে বের হতাম, অ্যারিজোনায়, আমি এখনও এটির বিষয়ে চিন্তা করি, "সেখানে সেই চমৎকার উনুইটি, যদি আমি সেখানে শুয়ে থাকতে পারি!"

যেমন দায়ূদ একবার বলেছিলেন, "ওহ, যদি আমি আর একবার সেই উনুই থেকে পান করতে পারতাম!" তিনি যদি সেখানে পৌঁছাতেন!

140 আর আমি একদিন বসে পড়লাম, আর আমার সাথে একটি মজার ঘটনা ঘটেছিল। আর আমি বললাম, "কিসে তোমাকে সব সময় এত আনন্দ প্রদান করে? আমি যদি এমন আনন্দিত হতে পারতাম। কেন, আমি এখানে আসার পর থেকে তোমাকে কখনও দুঃখিত দেখিনি। তোমার একটিও দুঃখের বিষয় নেই।" আমি বললাম, "তুমি সবসময় আনন্দে পূর্ণ। তুমি লাফিয়ে উঠছ, বুদবুদ করছ, এভাবেই ক্রমাগত করে চলেছ। শীত বা গ্রীষ্ম, ঠান্ডা বা গরম, যাই হোক না কেন, তুমি সবসময় আনন্দে পূর্ণ। কি তোমাকে... ? কি, এটা কি ? কারণ আমি তোমার কাছ থেকে পান করি ?"

"না।"

আমি বলি, "ঠিক আছে, হয়তো খরগোশরা তোমার থেকে পান করে, আর তুমি এটা খুব পছন্দ কর।"

"না।"

আমি বললাম, "ঠিক আছে, কিসের জন্য তুমি এইভাবে বুদবুদ কর? কে তোমাকে এত আনন্দ প্রদান করে? কে আপনাকে সর্বদা আনন্দে পূর্ণ করে?" বললাম, "এটা কিসের জন্য, যে—যে পাখিরা তোমার কাছ থেকে পান করে?"

"না।"

"কারণ আমি তোমার কাছ থেকে পান করি?"

"না।"

আমি বললাম, "আচ্ছা, কি তোমাকে এত আনন্দিত করে?"

141 যদি সেই উনুইটি আমার সাথে কথা বলতে পারত, তাহলে সে এই কথা বলত: "ভাই ব্রানহাম, আপনি পান করেন বলে নয়; আমি এর প্রশংসা করি কারণ আমি পাখিদের জন্য জল সরবরাহ করতে পারি। যারা পান করতে চায় তাদের জন্য আমি সরবরাহ করি। আপনাকে শুধুমাত্র এখানে আসতে হবে এবং পান করতে হবে। কিন্তু, যা আমাকে আনন্দ প্রদান করে, এটি আমি বুদবুদ করছি না, এটি ভিতরে কিছু, আমাকে ধাক্কা দিচ্ছে। এটি এমন কিছু যা আমাকে বুদবুদ করে তুলছে।"

142 আর এইভাবে এটি একটি আত্মায়-পূর্ণ জীবনের সাথে হয়। যীশু যেমন বলেছেন, তিনি সেখানে ছিলেন...দেখুন, তিনি অনন্ত জীবনের জন্য জলের উনুই প্রদান করেন, একটি আর্টেজীয়, উপচে পড়া ঝর্ণা যা ক্রমাগত প্রবাহিত হয়। মণ্ডলীর বাকি অংশ উপরে বা নিচে যাই হোক না কেন, আপনি এখনও সেই উনুই এর নিকট আছেন।

কেন আপনি একটি পুরানো ধর্মসম্প্রদায়ের ব্যবস্থা এবং কূপ গ্রহণ করবেন, যা পরজীবী এবং অন্য সবকিছুতে পূর্ণ, আর সেই স্থবির জিনিসটি পান করবেন, যখন আপনাকে একটি উনুই এর কাছে আমন্ত্রণ করা হয়, একটি আর্টেজীয় উনুই?

143 আমি ভাবি এটি কিভাবে ধাক্কা প্রদান করত, আর ভেলকি দেখাত, আর—আর কোলাহল করত, আর হাসতো, আনন্দিত হতো, আর লাফিয়ে উঠত, ঝাঁকুনি দিত। ঠান্ডা, বৃষ্টি; গরম, শুষ্ক, যখন দেশের বাকি অংশ শুকিয়ে যেত, এটি সবসময়ের মতো বুদবুদ

করতে থাকত। কারণ এটি গভীর, শিকড়যুক্ত, পাথরের মধ্যে থেকে বেরিয়ে আসে।

144 ওহ, আমাকে সেই উনুই এর কাছে থাকতে দিন! আপনার সমস্ত মনুষ্যনির্মিত ব্যবস্থা নিন যা আপনি চান, আপনার সমস্ত পুরানো স্থবির কূপগুলি, কিন্তু আমাকে আসতে দিন...অথবা স্থির কূপ। কিন্তু, আমাকে এই উনুই এর কাছে আসতে দিন, আমাকে সেখানে আসতে দিন যেখানে তিনি পূর্ণ। তিনি আমার আনন্দ। তিনি আমার আলো। তিনি আমার—তিনিই আমার শক্তি। তিনি আমার জল। তিনি আমার জীবন। তিনি আমার নিরাময়কারী। তিনি আমার ত্রাণকর্তা। তিনি আমার রাজা। আমার যা কিছু প্রয়োজন তা তাঁর মধ্যে পাওয়া যায়। কেন আমি অন্য কিছুতে যেতে চাইব ?

145 ভাই, বোন, আপনি কি আজ রাতে এই উনুই এর কাছে আসবেন না ? আপনারা কি করবেন না, যদি আপনারা সেখানে না থাকেন, আজ রাতে যখন আমরা মাথা নত করি তখন আপনারা কি এটি গ্রহণ করবেন না ?

146 ভগ্ন কূপ, ছিদ্র যুক্ত, জল চোয়াচ্ছে, জগৎ এর মধ্যে চোয়াচ্ছে, খামারের থেকে নোংরা এবং অন্যান্য দিনের। কেন এই কূপ নয়, এই বিষয়টি ভিতরে থাকতে পারে না, এই মহান উনুই রক্তে ভরা, ইম্মানূয়েলের শিরা থেকে বয়ে আসা ? কেন আপনি আজ রাতে তাকে গ্রহণ করবেন না ? ঈশ্বর আজ রাতে আমাদের সাহায্য করুন, এই শুষ্ক, তৃষ্ণার্ত দেশে। যেমন ভাববাদী বলেছেন, "তিনি শ্রান্তিজনক ভূমিতে প্রকাণ্ড শৈল।" তিনি সেই উনুই। আপনি কি আজ রাতে তাঁর কাছে আসবেন না, আপনার হৃদয়ে, যখন আমরা প্রার্থনা করি ?

147 প্রিয় স্বর্গীয় পিতা, অন্য কোন উনুই নেই, যেমন বাদ্য বাজছে, "আর কোন উনুই আমি জানি না; যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়।" আমি সেখানে জন্মগ্রহণ করেছি, আমি সেখানে বড় হয়েছি; আমি সেখানে বাস করতে চাই, এবং সেখানেই মরতে চাই, এবং সেখানে পুনরায় উঠতে চাই, তাঁর উপস্থিতিতে। সর্বদা, প্রভু, আমাকে তাঁর উপস্থিতিতে থাকতে দিন, কারণ আমি জানি অন্য কেউ নেই। কোন ধর্মমত নেই, প্রেম নেই; খ্রীষ্ট ছাড়া প্রেম নেই, খ্রীষ্ট ছাড়া কোন ধর্ম নেই, বাইবেল ছাড়া কোন পুস্তক নেই, আর কিছুই নেই, তাঁর বাইরে কোন আনন্দ নেই। তাকে আমার কাছ থেকে নিয়ে নাও, হে ঈশ্বর, আমার কাছে কতটা পৃথিবীর মালিকানা আছে তাতে আমার কিছু যায় আসে না, এটি—এটি তখনও মৃত থাকবে, আমি আমার মাথায় হাত তুলে ঘুরে বেড়াতাম। তাঁকে আমার কাছ

থেকে নিয়ে যান, আমি চলে যাব, প্রভু। কিন্তু তাঁকে আমার মধ্যে থাকতে দিন, তাহলে ডিসেম্বর মে মাসের মতো মনোরম হবে, কোন গরম স্থান হবে না এবং কোন শুষ্ক স্থান হবে না, এমনকি মৃত্যুরও কোন বিজয় নেই। আমাদের নিকট তাঁকে দিন, পিতা। তাকে, প্রচুর পরিমাণে, আজ রাতে এখানে প্রতিটি বিশ্বাসীকে দিন, যখন তারা এই ঘরে অপেক্ষা করছে।

148 তাদের অনেককে আজ রাতে রাস্তা দিয়ে গাড়ি চালাতে হবে, যখন তারা তাদের বাড়িতে ফিরে যায়, আর যেন এটি তাদের চিন্তাভাবনা হতে পারে, "আমি সেই উনুই এর নিকট বাস করছি। আমি সেখানে বাস করছি, ঘন্টার পর ঘন্টা টাটকা পান করছি।"

149 আর যদি তারা এখনও তা না পেয়ে থাকেন, তবে তারা যেন এখন তাকে গ্রহণ করুন, যাতে তারা উনুইটি তাদের সঙ্গে নিয়ে যেতে পারে। "আমি তোমাদের সঙ্গে যাব; আমি পৃথিবীর অন্ত পর্যন্ত তোমাদের সঙ্গে থাকব।" এই বিষয়গুলি প্রদান করুন, পিতা।

150 আর এখন যখন আমরা আমাদের মাথা নত করেছি, এখানে কি কেউ আছেন, আজ রাতে, অথবা কতজন বলবেন, "প্রভু, আমাকে এখনই সেই উনুই এর কাছে নিয়ে যান। আমি এখানে শুধু শুনতে আসিনি; আমি এখানে কিছু, খুঁজে বের করতে এসেছি। আমি আপনাকে খুঁজতে এখানে এসেছি, প্রভু। আজ রাতে আমার আপনার প্রয়োজন আছে। এখনই আমার হৃদয়ে আসুন। আপনি কি এটি করবেন, প্রভু?" ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। প্রভু প্রত্যেককে আশীর্বাদ করুন।

151 পিতা, আপনি হাত দেখেছেন, এমনকি দেয়ালের উপরে এবং চারপাশে, এবং অন্যান্য ঘরে, বাইরে। আপনি—আপনি তাদের দেখেছেন, পিতা। আমি—আমি প্রার্থনা করি যে আপনি, তাদের যা কিছু প্রয়োজন আছে তা সরবরাহ করবেন। হয়তো তারা কোন পুরানো কূপ থেকে পান করছিল, প্রভু, হয়তো কোন অর্ধেক পথের যাত্রা বিরতিতে, যেখানে কোন লোক একটি কূপ খনন করেছিল, এটি সব ধরনের অদ্ভুত মতবাদ দ্বারা দূষিত হয়ে গেছে, বাক্যকে অস্বীকার করার মাধ্যমে। আমি প্রার্থনা করি, ঈশ্বর, আজ রাতে তারা তাঁর কাছে আসবে যিনি সেই উনুই, সেই জীবনের উনুই। এটি প্রদান করুন, পিতা। আমি তাদের এখন যীশুর নামে আপনার কাছে সমর্পণ করছি।

152 আর আপনি আমাকে বলেছিলেন, "যদি আমার নামে আমার কাছে কিছু যাচ্ঞা কর, তবে আমি তাহা করিব।" এখন, আমি এটি যাচ্ঞা করব না, প্রভু, যদি আমি মনে না করি যে এটি করা হবে।

আমি—আমি এটি শুধু একটি আচার-অনুষ্ঠানের মধ্যে বলব। কিন্তু আমি তাদের জন্য প্রার্থনা করি, আন্তরিকতার সঙ্গে। আমি তাদের জন্য প্রার্থনা করি, বিশ্বাস করি যে, আপনি যা প্রতিশ্রুতি দিয়েছেন তা প্রদান করবেন।

153 আর এখন আমি আজ রাতে সেই কূপ থেকে তাদের নিয়ে যাচ্ছি। আমি তাদের সেই স্থান থেকে নিয়ে যাব যেখান থেকে তারা পান করেছিল, যেখানে তারা তৃপ্ত নয়; সেখান থেকে এই উনুই এর কাছে। আমি যীশু খ্রীষ্টের নামে এটি করি।

154 তারা আপনার, প্রভু। তারা আপনার কাছ থেকে, জীবন্ত জলের উনুই থেকে, জীবন্ত জল পান করুক। যীশুর নামে, আমি এটি প্রার্থনা করি। আমেন। এটি প্রদান করুন, প্রভু।

ওহ, সেই প্রবাহ মূল্যবান,
সেটি আমাকে তুষার মত শ্বেত করে তোলে;
অন্য কোন উনুই আমি জানি না,
যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়।

কে আমার পাপ ধুয়ে ফেলতে পারে?
যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়;
কে আমাকে আবার সুস্থ করতে পারে?
যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়।
ওহ...

যীশু, তাদের নিরাময় করুন, প্রভু! এটি প্রদান করুন, প্রভু, যীশুর নামের মাধ্যমে। আমি প্রার্থনা করি, ঈশ্বর, যে আপনি... ?... আপনি সব কিছু জানেন।

অন্য কোন উনুই আমি জানি না,
ওহ, যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়...

155 এই বিষয়ে ভাবুন, অন্য কোন উনুই আমি জানি না! আমি তাঁকে ছাড়া আর কিছুই জানি না। আমি তাঁকে ছাড়া আর কিছু জানতে চাই না। যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়! ওহ!

ওহ, মূল্যবান প্রবাহ,
সেটি আমাকে তুষার মত শ্বেত করে তোলে;
অন্য কোন উনুই আমি জানি না,
ওহ, যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়।

156 যখন আমরা এটি পুনরায় গাই, আসুন একে অপরের সাথে করমর্দন করি। আপনারা কি একে অপরকে ভালবাসেন? এখানে কেউ কি অন্য কারো বিরুদ্ধে কিছু আছে? যদি সেখানে থাকে,

যান এটি ঠিক করুন। আপনারা কি করবেন? আসুন এভাবে যেন আমরা চলে না যাই। দেখুন? যদি আপনার কারো বিরুদ্ধে কিছু থাকে, আপনি এখনই এটি ঠিক করতে যান। এই মুহূর্তে আপনার কাছে যাওয়ার সুযোগ এসেছে, বলুন, "ভাই, বোন, আমি আপনার সম্পর্কে কিছু বলেছিলাম, আমি কিছু ভেবেছিলাম। আমি এটা করতে চাইনি। আমাকে ক্ষমা করুন।" দেখুন, এভাবেই এটি করতে হয়। আসুন উনুইটি আমাদের মাঝে থাকুক, সব সময়। দেখুন?

অন্য কোন উনুই আমি জানি না,
যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়।

ওহ, মূল্যবান প্রবাহ,
সেটি আমাকে তুষার মত শ্বেত করে তোলে;
ওহ, অন্য কোন উনুই আমি জানি না,
যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়।

157 ওহ, তিনি কি বিস্ময়কর নন? অন্য কোন উনুই! আমরা অন্য জিনিস দিয়ে নিজেদেরকে দূষিত করব না। আমরা আলাদা হয়েছি, পৃথিবীকে পিছনে ফেলেছি। আমরা আর মিশরের রসুন এবং ভগ্ন কূপ চাই না। আমরা প্রভু যীশুর সঙ্গে যাত্রায় আছি, সেই প্রহৃত পাথর, আমেন, উপর থেকে মান্না খাওয়া এবং পান করা; স্বর্গদূতদের খাদ্য খাওয়া, এবং পাথর থেকে পান করা। আমেন!

অন্য কোন উনুই আমি জানি না,
যীশুর রক্ত ছাড়া আর কিছুই নয়।

এখন আসুন আমরা মাথা নত করি।

158 প্রার্থনা করছি যেন ঈশ্বর আপনাদের প্রত্যেককে প্রচুর আশীর্বাদ করেন, যেন তাঁর অনুগ্রহ এবং করুণা আগামী সপ্তাহে আপনার সাথে থাকে। আর যদি কিছু ঘটে, যে আপনাদের মধ্যে কেউ পর্দার বাইরে চলে যান, শুধু মনে রাখবেন যে এটি মাত্র কয়েক ঘন্টার ঘুম এবং বিশ্রাম, আমাদের পুনরায় দেখা না হওয়া পর্যন্ত। মনে রাখবেন, যে, "আমরা যাহারা জীবিত আছি, আমরা কোন ক্রমে সেই নিদ্রাগত লোকদের বাধাস্বরূপ হইব না, কারণ ঈশ্বরের তূরীবাদ্য সহ, সেই শেষ তূরীবাদ্য..." ষষ্ঠ তূরী বাজানো হয়েছে। আর সেই শেষ তূরী, শেষ মুদ্রার মতো, প্রভুর আগমন হবে। "এটি ধ্বনিত হইবে, এবং যাহারা খ্রীষ্টে মরিয়াছে, তাহারা প্রথমে উঠিবে।" ততক্ষণ পর্যন্ত বিশ্রাম নিচ্ছে।

159 যদি আপনি আঘাত পান, মনে রাখবেন:

আপনার সাথে যীশুর নাম নিন,
সমস্ত ফাঁদ হইতে ঢাল হিসাবে;
আর যখন আপনার চারপাশে প্রলোভন জড়ো হয়,
শুধু প্রার্থনায় সেই পবিত্র নামটি শ্বাস নিন।
(শয়তানরা পালিয়ে যাবে।)

160 মনে রাখবেন, আমরা আশা করি, আগামী রবিবার সকালে এখানে আপনাদের সাথে দেখা করব। অসুস্থ ও পীড়িতদের নিয়ে আসুন। আমি আপনাদের জন্য প্রার্থনা করব। আপনারা এখন আমার জন্য প্রার্থনা করবেন। আপনারা কি এটা করবেন? বলুন, "আমেন।" [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] আমি আপনাদের জন্য প্রার্থনা করব, যেন ঈশ্বর আশীর্বাদ করেন।

...প্রার্থনায় নাম।

মূল্যবান নাম, (মূল্যবান নাম!) ওহ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ;
মূল্যবান নাম, ওহ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ।

যীশুর নামে নত হওয়া,
তার পায়ে নতজানু হয়ে পড়ে,
স্বর্গে রাজাদের রাজা আমরা তাকে মুকুট পরিধান করাব,
আমাদের যাত্রা শেষ হওয়ার পরে।

মূল্যবান নাম, (মূল্যবান নাম! এটি কি মধুর এবং মূল্যবান নয়?)
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ;
মূল্যবান নাম, (মূল্যবান নাম!) ওহ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ।

161 আপনাদের ছেড়ে যাওয়া সবসময় খুব কঠিন। যদিও আমি জানি যে আপনারা জ্বলছেন, কিন্তু সেখানে কিছু আছে...আসুন, আরও একটি শ্লোক নেওয়া যাক, আপনারা কি এটি করবেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] আপনারা কি এটি করবেন? *ধন্য হোক সেই বাঁধন যা আবদ্ধ করে*, বোন। পুরনো গানটি কতজন জানেন? আমরা এটি গাইতাম, কয়েক বছর আগে।

162 আর আমি ভাবছিলাম, আজ রাতে, "দুটি হাত, শত শতের মধ্যে, যা বাকি আছে," যখন আমরা ট্যাবারনাকেলের সেই গান

গাইতাম, আর একে অপরের সঙ্গে হাত মেলাতাম। *ধন্য হোক সেই বাঁধন যা আবদ্ধ করে*। আমি তাদের অনেককে কবর দিয়েছি, ঠিক এখানে কবরস্থানে। তারা অপেক্ষা করছে। আমি তাদের পুনরায় দেখতে পাব। আমি তাদের দেখতে পাই, মাঝে মাঝে, একটি দর্শনে, যখন আমি পর্দার অপর দিকে তাকাই। তারা সেখানে আছে।

আসুন এখন মাথা নত করি, যখন আমরা গানটি গাই।

ধন্য হোক সেই বাঁধন যা আবদ্ধ করে
খ্রীষ্টিয় প্রেমে আমাদের হৃদয়কে;
সহভাগিতা...
উর্দ্ধের মত।

যখন আমরা...

এখন এগিয়ে গিয়ে কারো হাত ধরুন।

...অন্তর্ভুক্ত,

এখন আপনার মাথা নত করুন।

এটি আমাদের অভ্যন্তরে ব্যথা দেয়;
কিন্তু আমরা এখনও হৃদয়ে মিলিত হই,
এবং পুনরায় সাক্ষাৎ করার আশা করি।

163 আমাদের মাথা নত করে। আমি এখন সভাটি পালকের কাছে সমর্পণ করি, আর শেষ করছি...

ভগ্ন কূপ BEN64-0726E

(Broken Cisterns)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় রবিবার সন্ধ্যায়, ২৬ জুলাই, ১৯৬৪ খ্রীষ্টাব্দে, জেফারসনভিল, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রানহাম ট্যাবারনেকেলে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2024 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org